# ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ২০১৭ সালের ৪র্থ বোর্ডসভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| তারিখ | ঃ | ৩১ মে, ২০১৭ |
| সময় | ঃ | বেলা ১০-০০ টা |
| স্থান | ঃ | সভাকক্ষ, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। |
| সভাপতি | ঃ | ব্রিগেডিয়ার জেনারেল মোঃ জালাল গনি খান, এনডিসি, পিএসসি<br>প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড ও স্টেশন কমান্ডার, ঢাকা সেনানিবাস। |

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট-'ক' দ্রষ্টব্য।

উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভাপতি মহোদয় সভার কাজ শুরু করেন এবং আলোচ্যসূচীর উপর বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়:-

**আলোচ্য বিষয়-১:** ২৬ এপ্রিল, ২০১৭ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনা ও দৃঢ়করণ।

**আলোচনা :** গত ২৬ এপ্রিল, ২০১৭ তারিখে অনুষ্ঠিত ২০১৭ সালের ৩য় বোর্ডসভার সিদ্ধান্তসমূহের উপর ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক যথাযথভাবে কার্যক্রম গ্রহণ করা হয়েছে এবং কয়েকটি সিদ্ধান্তের উপর কার্যক্রম চলমান আছে মর্মে সভায় প্রতিবেদন উপস্থাপন করা হয়।

**সিদ্ধান্ত :** সম্মানিত সদস্য কর্ণেল (অব:) মো: শহীদুল হক এর প্রস্তাবের প্রেক্ষিতে সম্মানিত সদস্য জনাব হেলাল উদ্দিন আহমেদ এর সমর্থনে সর্বসম্মতিক্রমে গত মাসের সভার (২০১৭ সালের ৩য় বোর্ডসভার) কার্যবিবরণী নিশ্চিত করা হয়।

**আলোচ্য বিষয়-২:** এপ্রিল, ২০১৭ মাসের রাজস্ব আদায়/বকেয়ার বিবরণী।

**আলোচনা :** এপ্রিল, ২০১৭ মাসে বিভিন্ন খাতে ১,০৫,৪২,৯৭৫/- (এক কোটি পাঁচ লক্ষ বিয়াল্লিশ হাজার নয়শত পঁচাত্তর) টাকা রাজস্ব আদায় হয়েছে। রাজস্ব আদায়ের পরিসংখ্যান পর্যালোচনায় দেখা যায় যে, ২০১৬-২০১৭ অর্থ বছরের প্রাক্কলিত আয় ১৪,০৪,৮৩,৬৯৮/- (চৌদ্দ কোটি চার লক্ষ তিরাশি হাজার ছয়শত আটানব্বই) টাকার বিপরীতে এপ্রিল, ২০১৭ তারিখ পর্যন্ত আদায় হয়েছে ১৫,৬৮,৮৯,৮৪৮/- (পঁনের কোটি আটষট্টি লক্ষ উননব্বই হাজার আটশত আটচল্লিশ) টাকা। সভায় আলোচনাক্রমে জানানো হয় যে, নতুন নতুন আয়ের খাত ও করের পরিধি বৃদ্ধির কারণে প্রাক্কলিত রাজস্ব আয়ের চেয়ে বেশী আদায় হয়েছে।

**সিদ্ধান্ত :** রাজস্ব আদায়ের লক্ষ্যমাত্রা অতিক্রম করায় সভায় সন্তোষ প্রকাশ করা হয় এবং ভবিষ্যতে যে সকল এলাকার গৃহকর বকেয়া রয়েছে তা আদায়ে আরো বলিষ্ঠ পদক্ষেপ গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হলো।

**আলোচ্য বিষয়-৩:** এপ্রিল, ২০১৭ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী।

**আলোচনা :** এপ্রিল, ২০১৭ মাসে স্থানীয় আয়ের উৎস হতে বোর্ডের মোট ১,৭৬,৬০,৮৫১/- (এক কোটি ছিয়াত্তর লক্ষ ষাট হাজার আটশত একান্ন) টাকা আয় হয়েছে। মঞ্জুরীকৃত চাঁদা ও দানসমূহ (সাধারণ অনুদান), অনৈমিত্তিক আয় ও প্রারম্ভিক জেরসহ এপ্রিল, ২০১৭ মাসে সর্বমোট আয় ৫,৫৬,৮৪,২২৩/- (পাঁচ কোটি ছাপ্পান্ন লক্ষ চুরাশি হাজার দুইশত তেইশ) টাকা। অপরদিকে এপ্রিল, ২০১৭ মাসে সর্বমোট ব্যয় ৪,৪৫,৪৩,৪১৯/- (চার কোটি পয়তাল্লিশ লক্ষ তেতাল্লিশ হাজার চারশত উনিশ) টাকা।

**সিদ্ধান্ত :** এপ্রিল, ২০১৭ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী অবলোকন করা হলো এবং পরবর্তী কার্যক্রমের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হলো।

**আলোচ্য বিষয়-৪:** ২০১৬-২০১৭ আর্থিক সালের সংশোধিত বাজেট অবলোকন।

**আলোচনা :** ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ২০১৫-২০১৬ আর্থিক সালের ৯১,৬৫,০৫,০০০/- (একানব্বই কোটি পঁয়ষট্টি লক্ষ পাঁচ হাজার) টাকার সংশোধিত বাজেট সভায় পর্যালোচনা করা হয়। বিস্তারিত আলোচনান্তে উক্ত বাজেট অনুমোদন করা যেতে পারে মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

**সিদ্ধান্ত :** ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ২০১৬-২০১৭ আর্থিক সালের ৯১,৬৫,০৫,০০০/- (একানব্বই কোটি পঁয়ষট্টি লক্ষ পাঁচ হাজার) টাকার সংশোধিত বাজেট অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করতে হবে।

আলোচ্য বিষয়-৫: এপ্রিল, ২০১৭ মাসের স্বাস্থ্য প্রতিবেদন।

আলোচনা : স্টেশন হেলথ্ অর্গানাইজেশন, ঢাকা সেনানিবাস কর্তৃক প্রস্তুতকৃত স্বাস্থ্য প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় যে, সেনানিবাসের সাধারণ স্বাস্থ্যগত পরিবেশ, বাসস্থান, পানি সরবরাহ, মশা-মাছি ও কীট পতঙ্গ নিধন কার্যক্রম সন্তোষজনক আছে। তবে বিভিন্ন ইউনিট/সংস্থায় নিজস্ব তত্ত্বাবধানে এন্টিম্যালেরিয়া কার্যক্রম পরিচালনার পরামর্শ প্রদান করা হয়েছে। আসন্ন বর্ষা মৌশুমে মশা-মাছি ও কীট পতঙ্গের উপদ্রব নিয়ন্ত্রণে রাখার জন্য সিটি কর্পোরেশনের সাথে সমন্বয় করে কীট নাশক ঔষধ সংগ্রহের জন্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার বিষয়ে মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত : আসন্ন বর্ষা মৌশুমে সেনানিবাসে স্বাস্থ্য সম্মত পরিবেশ বজায় রাখাসহ মশা-মাছি ও কীট পতঙ্গের উপদ্রব নিয়ন্ত্রণের রাখার সেনানিবাসের সার্বিক পরিষ্কার-পরিচ্ছন্নতা নিয়মিত তদারকি করতে হবে এবং ঢাকা উত্তর সিটি কর্পোরেশন হতে প্রয়োজনীয় কীট নাশক সরবরাহের জন্য পত্র প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্য বিষয়-৬: এপ্রিল, ২০১৭ মাসে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের জন্ম-মৃত্যু নিবন্ধন প্রতিবেদন।

আলোচনা : এপ্রিল, ২০১৭ মাসে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে মোট ১৭০টি জন্ম নিবন্ধন ও ০৮টি মৃত্যু নিবন্ধন করা হয়েছে। উক্ত সময়ে বনানী সামরিক কবরস্থানে মোট ১৪ জনকে দাফন করা হয়েছে। এ বিষয়ে আলোচনাক্রমে জানা যায় যে, বনানী কবরস্থানে দাফন করার জন্য ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক কোন ফি আদায় করা হয় না। কিন্তু দাফনের জন্য বাঁশ, চাটাই ও অন্যান্য আনুষঙ্গিক জিনিষ বাবদ কোন নির্ধারিত ফি না থাকায় দাফনের সময় প্রায়শ:ই লোকজনকে বিব্রতকর পরিস্থিতির সম্মুখীন হতে হয়।

সিদ্ধান্ত : প্রত্যাশী ব্যক্তিবর্গের আবেদনের ভিত্তিতে জন্ম ও মৃত্যু নিবন্ধন নিশ্চিত করতে হবে এবং যথাযথভাবে রেকর্ড সংরক্ষণ করতে হবে এবং বনানী কবরস্থানে দাফনের জন্য বাঁশ, চাটাই ও অন্যান্য আনুষঙ্গিক জিনিষপত্র বাবদ খরচ নির্ধারণ করে নোটিশ বোর্ডে টাঙ্গিয়ে দেয়ার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্য বিষয়-৭: ঢাকা সেনানিবাসস্থ নিম্নবর্ণিত প্লট/ফ্ল্যাট বিক্রয়/হস্তান্তর ঃ-

| ক্র নং | প্লট/ফ্ল্যাট নম্বর ও এলাকার নাম | বিক্রেতা/দাতা/ আবেদনকারীর নাম ও ঠিকানা এবং আবেদনের তারিখ | ক্রেতা/গ্রহীতার নাম ও ঠিকানা | ডিজিএফআইএর ছাড়পত্র নম্বর ও তারিখ/ ডিক্লারেশন অব হেবা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১. | প্লট নং-১৬/এইচ, ফ্ল্যাট নং-বি/৪ (৫ম তলা) রোড নং-২/এ, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | বেগম উম্মে কুলসুম, স্বামী-লেঃ কর্ণেল ফরিদুল মাহমুদ (অবঃ), বাড়ী নং-১০২২, এভিনিউ-৯, মিরপুর ডিওএইচএস, ঢাকা-১২০৬ এর ১৭ জানুয়ারি, ২০১৭ তারিখের আবেদন। | সেহেলী আক্তার খান, স্বামী-খালেদ হাসান, সিনিয়র শিক্ষিকা (প্রভাতী শাখা), শহীদ বীর উত্তম লেঃ আনোয়ার গার্লস কলেজ, ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬। | ১৮/০৫/২০১৭ তারিখের ২৩.০৫.৫০১.৩০০.১০.০২৯.০১.১৮.০৫.১৭ নং পত্র। | ফ্ল্যাটের আয়তন ১৫৫০ বঃফুঃ ০১ টি ফ্ল্যাট (নিচ তলায় ০১টি কার পার্কিং এবং আনুপাতিক হারে অবিভক্ত/ অচিহ্নিত জমিসহ) বার্ষিক গৃহকর ৯০০০/-(নয় হাজার) টাকা জুন, ২০১৭ পরিশোধ। |
| ২. | প্লট নং-২৩, ফ্ল্যাট নং-১৭ (৬ষ্ঠ তলা উত্তর-পূর্ব পার্শ্ব) রোড নং-৪, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | হাজী মোঃ ফুল মিয়া, বাড়ী নং-২৩, রোড নং-৪, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস এর ১৭ মে, ২০১৭ তারিখের আবেদন। | মিসেস সুরাইয়া আহমেদ, স্বামী-মেজর আহমেদ আরী খান, বাড়ী নং-২৩, ফ্ল্যাট নং-১৭, রোড নং-৪, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | ০৯/০৫/২০১৩ তারিখের ২৩.০৫৫০১.৩০০.১০.০২৯.০১.০৯.০৫.১৩ নং পত্র। | ফ্ল্যাটের আয়তন ১৩৫০ বঃফুঃ ০১ টি ফ্ল্যাট (নিচ তলায় ০১টি কার পার্কিং এবং আনুপাতিক হারে অবিভক্ত/ অচিহ্নিত জমিসহ) বার্ষিক গৃহকর ৯০০০/-(নয় হাজার) টাকা জুন, ২০১৭ পরিশোধ। |
| ৩. | প্লট নং-৪৯/সি-১, ফ্ল্যাট নং-৫/বি (৬ষ্ঠ তলা পশ্চিম পার্শ্ব) রোড নং-১০, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | মেজর (অবঃ) মোহাম্মদ শফিউল আলম, ব্যবস্থাপনা পরিচালক, রুফ ডেভলপমেন্ট (প্রাইভেট) লিঃ (জনাব নাজমুল ইসলাম চৌধুরী এর নিযুক্তীয় আম-মোক্তার), বাসা নং-২৮, রোড নং-৪, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস এর ১৭ মে, ২০১৭ তারিখের আবেদন। | লেঃ জেনারেল মোহাম্মদ মাহফুজুর রহমান, পিতা-মৃত মোঃ আব্দুস সামাদ, বর্তমান ঠিকানাঃ-বাড়ী -২০০,শহীদ বাশার রোড, ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬। | ২৪/৫/২০১৭ তারিখের ২৩.০১.৯০১.৮০০.০২.১২১.০১.২৪.০৫.১৭-২১৭২ নং পত্র। | ফ্ল্যাটের আয়তন ১৫০৯ বঃফুঃ ০১ টি ফ্ল্যাট (নিচ তলায় ০১টি কার পার্কিং এবং আনুপাতিক হারে অবিভক্ত/ অচিহ্নিত জমিসহ) বার্ষিক গৃহকর ২,৯০,০০০/-(দুই লক্ষ নব্বই হাজার) টাকা জুন, ২০১৭ পরিশোধ। |

আলোচনা : ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১৬/এইচ নং প্লটে নির্মিত বাড়ীর বি/৪ নং ফ্ল্যাট, ২৩ নং প্লটে নির্মিত বাড়ীর ১৭ নং ফ্ল্যাট এবং ৪৯/সি-১ নং প্লটে নির্মিত বাড়ীর ৫/বি নং ফ্ল্যাট বিক্রয়/হস্তান্তরের জন্য ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে আবেদন করা হয়। প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর কর্তৃক প্রস্তাবিত ক্রেতাগণের অনুকূলে নিরাপত্তা ছাড়পত্র প্রদান করা হয়েছে। আলোচ্য প্লটে নির্মিত বাড়ীর বার্ষিক গৃহকর হালনাগাদ পরিশোধ করা আছে এবং অতিরিক্ত জমি দখলে নেই।

সিদ্ধান্ত : ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১৬/এইচ নং প্লটে নির্মিত বাড়ীর বি/৪ নং ফ্ল্যাট, ২৩ নং প্লটে নির্মিত বাড়ীর ১৭ নং ফ্ল্যাট এবং ৪৯/সি-১ নং প্লটে নির্মিত বাড়ীর ৫/বি নং ফ্ল্যাটের প্রস্তাবিত ক্রেতাগণের অনুকূলে বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্য বিষয়-৮: রজনীগন্ধা সুপার মার্কেটস্থিত জনতা ব্যাংক লিঃ এর মাসিক ভাড়া পুনঃনির্ধারণ ও চুক্তির মেয়াদ বৃদ্ধির বিষয়ে সহকারী মহাব্যবস্থাপক জনাব মোঃ আনোয়ার হোসেন তালুকদার এর ১১ মে, ২০১৭ তারিখের রজনীগন্ধা/মোআহোতা/শাখা ভবন ভাড়া/চুক্তি নবায়ন/১৭ নং পত্রের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা : রজনীগন্ধা সুপার মার্কেটস্থিত ৩,৩৩৯ বর্গফুট বিশিষ্ট ভবনটি ০১ জুলাই,২০১২ তারিখ হতে ৩০ জুন, ২০১৫ তারিখ পর্যন্ত ০৩ (তিন) বছরের জন্য প্রতি বর্গফুট ৪০/-(চল্লিশ) টাকা হিসেবে মাসিক ১,৩৩,৫৬০/- (এক লক্ষ তেত্রিশ হাজার পাঁচশত ষাট) টাকায় জনতা ব্যাংক লিঃ, রজনীগন্ধা সুপার মার্কেট শাখার নিকট ভাড়া প্রদান করা হয়। উক্ত ভাড়ার মেয়াদ উত্তীর্ণ হওয়ায় গত ০৫ ফেব্রুয়ারি ২০১৫ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যবিষয়-৩০ এর সিদ্ধান্তের আলোকে প্রতি বর্গফুট ৫০/-(পঞ্চাশ) টাকা হারে মাসিক ১,৬৬,৯৫০/-(এক লক্ষ ছেষট্রি হাজার নয়শত পঞ্চাশ) টাকায় ০১ জুলাই ২০১৫ তারিখ হতে ৩০ জুন ২০১৭ তারিখ পর্যন্ত ০২(দুই) বছরের জন্য ভাড়ার মেয়াদ বৃদ্ধি করা হয়। উল্লেখ্য যে, উক্ত নির্ধারিত ভাড়া হতে ৫% উৎসকর কর্তন করে ব্যাংক কর্তৃপক্ষ ১,৫৮,৬০২.৫০ (এক লক্ষ আটান্ন হাজার ছয়শত দুই টাকা পঞ্চাশ পয়সা) টাকা ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে জমা করেন। আগামী ৩০ জুন ২০১৭ তারিখে ভাড়ার চুক্তির মেয়াদ উত্তীর্ণ হবে। জনাব মোঃ আনোয়ার হোসেন তালুকদার, সহকারী মহাব্যবস্থাপক, জনতা ব্যাংক লিঃ, রজনীগন্ধা সুপার মার্কেট কর্পোরেট শাখা, ঢাকা ২২ মার্চ, ২০১৭ তারিখে রজনীগন্ধা/মোআহোতা/শাখা ভবন/ভাড়া চুক্তি/নবায়ন/১৭ নং পত্রে ভাড়ার চুক্তি মেয়াদ নবায়ন করার জন্য অত্র দপ্তরকে অনুরোধ করেছেন। বিষয়টি ২৬ এপ্রিল ২০১৭ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যবিষয়-১২ এর মাধ্যমে উপস্থাপন করা হলে নিম্নোবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ-

> "বিস্তারিত আলোচনান্তে রজনীগন্ধা সুপার মার্কেটস্থ জনতা ব্যাংক ভবনটি প্রতি বর্গফুট মাসিক ১০০/-(একশত) টাকা ভাড়ায় ০১ জুলাই ২০১৭ তারিখ হতে ৩০ জুন ২০১৯ তারিখ পর্যন্ত ০২(দুই) বছরের জন্য ভাড়া প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।"

উক্ত সিদ্ধান্তের আলোকে ক্যান্টনমেন্ট বোর্ডের ০৭ মে ২০১৭ তারিখের ঢাক্যাবো/প্রজেক্ট/২৭৮/৩৪২ নং পত্রের মাধ্যমে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হয়। তৎপ্রেক্ষিতে জনাব মোঃ আনোয়ার হোসেন তালুকদার, সহকারী মহাব্যবস্থপক, জনতা ব্যাংক লিঃ ব্যাংক ভবনের ভাড়া প্রতি বর্গফুট ১০০/-(একশত) টাকা নির্ধারণ করা হলে ব্যয় নির্বাহ করা দুরূহ হয়ে পড়বে এবং ভাড়া নির্ধারণ ন্যূনতম পর্যায়ে রাখা ও মেয়াদ কমপক্ষে ০৫(পাঁচ) বছর করার জন্য অনুরোধ করেছেন।

সিদ্ধান্ত : বিস্তারিত আলোচনান্তে রজনীগন্ধা সুপার মার্কেটস্থিত জনতা ব্যাংক লিঃ এর মাসিক ভাড়া প্রতি বর্গফুট ৭০/- (সত্তর) টাকা হারে ০১ জুলাই ২০১৭ তারিখ হতে ৩০ জুন ২০১৯ তারিখ পর্যন্ত ০২(দুই) বছরের জন্য ভাড়া প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। উল্লেখ্য যে, ভাড়ার এ হার সকল প্রকার কর্তন ব্যতিরেকে ক্যান্টনমেন্ট বোর্ডে পরিশোধ করতে হবে।

আলোচ্য বিষয়-৯: ঢাকা সেনানিবাসস্থ ডিওএইচএস বনানী, মহাখালী, বারিধারা, মিরপুর ও সেনানিবাস বর্ধিত এলাকায় বাড়ী নির্মাণের নিমিত্তে নিম্নোক্ত নকশাসমূহ অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত ঃ-

| ক্রঃ নং | প্লট মালিকের নাম | প্লট নম্বর | ঠিকানা | এমইও'র ছাড়পত্রের তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১। | মেজর (অবঃ) মুকুল কুমার দে | ১৯৬ | মিরপুর ডিওএইচএস | ২২/৫/১৭ | সংশোধিত ০৬ তলা (আভ্যন্তরীন পরিবর্তন-৪র্থ ও ৫ম তলায় এক ইউনিটের পরিবর্তে দুই ইউনিট) |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ২। | নাজমা রহমান গং<br>স্বামী-মরহুম লেঃ কর্ণেল মোঃ মিজানুর রহমান | ২৭৩ | মিরপুর ডিওএইচএস | ১১/৫/১৭ | সংশোধিত ০৬ তলা (আভ্যন্তরীন পরিবর্তন-২য় তলায় দুই ইউনিটের পরিবর্তে এক ইউনিট এবং ৬ষ্ঠ তলায় এক ইউনিটের পরিবর্তে দুই ইউনিট) |
| ৩। | মেজর (অবঃ) শাহ মোঃ সোলায়মান সিদ্দিক | ৩৪৬ | মিরপুর ডিওএইচএস | ২২/৫/১৭ | সংশোধিত ০৭ তলা (আভ্যন্তরীন পরিবর্তন-২য় তলায় দুই ইউনিটের পরিবর্তে এক ইউনিট) |
| ৪। | (১) জনাব ইলিয়াস হোসেন মোল্লা<br>(২) জনাব মোঃ শওকত আলী | ৪৮৪<br>৪৮৬ | মিরপুর ডিওএইচএস | | সংশোধিত ০৭ তলা (৬ষ্ঠ তলার উপর ৭ম তলা) |
| ৫। | ব্রিগেঃ জেনাঃ (অবঃ) মোহাম্মদ আব্দুল হালিম | ১০৫৪ | মিরপুর ডিওএইচএস | | সংশোধিত ০৭ তলা (নিচতলায় কেয়ারটেকার রুমকে ইলেকট্রোমেকানিক্যাল রুমে রূপান্তর) |
| ৬। | মিসেস সামসুন নাহার গং<br>স্বামী-মরহুম মেজর সৈয়দ সিয়াদাত হোসেন | ১১১৮ | মিরপুর ডিওএইচএস | | নতুন ০৭ তলা ভবন |
| ৭। | জনাব মোঃ বোরহান উদ্দিন | ৪১৭ | বারিধারা ডিওএইচএস | ০৪/৪/১৭ | পুরাতন একতলা ভেঙ্গে নতুন ০৭ তলা ভবন নির্মাণ |
| ৮। | লেঃ কর্ণেল(অবঃ) মোহাম্মদ আব্দুল খালেক | ৪৯২/২ | বারিধারা ডিওএইচএস | ২৪/৪/১৭ | সংশোধিত ০৭ তলা (৬ষ্ঠ তলার উপর ৭ম তলা) |
| ৯। | মিসেস ওয়াহিদা ইসলাম<br>স্বামী- ব্রিগেঃ জেনাঃ (অবঃ) দানিয়াল ইসলাম | বি/১৩২ | মহাখালী ডিওএইচএস | | বিদ্যমান ০৫ তলা ভবনে লিফট স্থাপন |
| ১০। | কর্ণেল (অবঃ) মোঃ হারুনর রশিদ | ২৮৫ | মহাখালী ডিওএইচএস | | বিদ্যমান ০৫ তলা ভবনে লিফট স্থাপন |
| ১১। | ব্রিগেঃ জেনাঃ (অবঃ) মোঃ আবুল হোসেন, পিএসসি | ৩২৪ | মহাখালী ডিওএইচএস | ২৪/৫/১৭ | নতুন ০৭ তলা ভবন (পুরাতন ০৪ তলা ভবন ভেঙ্গে) |
| ১২। | জনাব মোঃ মনিরুল ইসলাম ভূইয়া | সিএস-১২৮ (অংশ) | সিবি-২৭২/৭, মৌজা-লালাসরাই কচুক্ষেত, ঢাকা ক্যান্ট | | সংশোধিত ০৫(পাঁচ) তলা (৪র্থ তলার উপর ৫ম তলা নির্মাণ) |

আলোচনা : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন বিভিন্ন ডিওএইচএস ও কচুক্ষেত এলাকার ১২টি প্লটে বাড়ী/ভবন নির্মাণের জন্য দাখিলকৃত নকশাগুলো ক্যান্টনমেন্ট বোর্ডের প্রকৌশলী কর্তৃক যাচাই করা হয়েছে। ক্যান্টনমেন্ট বিল্ডিং বাই-লজ অনুযায়ী Set back ঠিক আছে মর্মে নির্বাহী প্রকৌশলী জানান। স্ট্রাকচারাল ডিজাইনের ব্যাপারে ডিজাইন ইঞ্জিনিয়ার প্রত্যয়ন দিয়েছেন মর্মে সভায় জানানো হয়।

সিদ্ধান্ত : ৯.১। Land point of view-তে ডিওএইচএসসমূহের জন্য এমইও, কেন্দ্রীয় সার্কেল, ঢাকা সেনানিবাসের এবং অন্যান্য এলাকার ক্ষেত্রে অত্র বোর্ডের রাজস্ব শাখার ছাড়পত্র প্রাপ্তি সাপেক্ষে আলোচ্য বিষয়-৯ এর ক্রমিক নং-৬, ৭, ৯, ১০ ও ১১ এর ০৫টি প্লটে ০৬(ছয়)/০৭(সাত) তলা নতুন/সংশোধিত ভবন নির্মাণের নকশা নিম্নোক্ত শর্তাধীনে অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলোঃ-

(ক) প্রযোজ্য সকল ক্ষেত্রে যথারীতি রাস্তার ক্ষতিপূরণ পরিশোধ করতে হবে এবং নির্মাণকারী প্রতিষ্ঠান/ ডেভলপার কর্তৃক বাড়ী নির্মিত হলে সংশ্লিষ্ট ডেভলপারকে ক্যান্টনমেন্ট বোর্ডের তালিকাভুক্তিসহ জামানতের টাকা পরিশোধ করতে হবে।

(খ) প্লট মালিক নিজে বাড়ী নির্মাণ করলে তিনি এ মর্মে অঙ্গীকারনামা দিবেন যে, তাঁর প্লটে কোন নির্মাণকারী প্রতিষ্ঠান/ডেভলপার চুক্তিবদ্ধ হয়ে কাজ করছেন মর্মে প্রমাণিত হলে সকল প্রকার ক্ষতিপূরণ তিনি দিতে বাধ্য থাকবেন এবং ক্যান্টনমেন্ট বোর্ড প্রয়োজনীয় ক্ষতিপূরণ না পেলে অনুমোদিত নকশা স্থগিতসহ প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণ করলে তিনি তা মেনে নিতে বাধ্য থাকবেন।

৯.২।ক্রমিক নং-১, ২, ৩ ও ৫ এ উল্লিখিত ০৪ (চার)টি ভবনের আভ্যন্তরীন পরিবর্তনের নকশা যদি কোন অননুমোদিত নির্মাণ থাকে তবে তা অপসারণ সাপেক্ষে অনুমোদন করা হলো।

৯.৩। ক্রমিক নং-৪ ও ৮ এ উল্লেখিত ০২টি প্লটের ভার্টিক্যাল এক্সটেনশনের নকশাটি এমআইএসটি কর্তৃক কারিগরী ভেটিং সাপেক্ষে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। কারিগরী ভেটিং বাবদ এমআইএসটির যাবতীয় ব্যয় প্লট মালিককে বহন করতে হবে।

৯.৪। ক্রমিক নং-১২ এ উল্লেখিত প্লটটি সরেজমিন পরিদর্শনপূর্বক প্রতিবেদনসহ আগামী সভায় উপস্থাপন করতে হবে।

আলোচ্য বিষয়-১০: ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের মূল্যানুমান অনুমোদন প্রসংগে ঃ-

| ক্রমিক নং | কাজের নাম | মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস্, ২০১২ অনুযায়ী (টাকা) | ব্যয়ের খাত | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১। | রজনীগন্ধা সুপার মার্কেটের শহীদ বদিউজ্জামান রোডের পার্শ্বে নিরাপত্তা ওয়াল নির্মাণ কাজ (দৈর্ঘ্য)। | ১২,৮৪,৬৯১/- | বোর্ড তহবিল | |
| ২। | রজনীগন্ধা সুপার মার্কেটের স্বাধীনতা চত্বর সংলগ্ন উত্তর পশ্চিম কোনায় বোর্ডের খালি জমিতে দোকান নির্মাণ। | ১২,৯৫,৪২৫/- | সালামী বাবদ প্রাপ্য অর্থ দ্বারা | |
| ৩। | বনানী ডিওএইচএস এলাকার ৬ নং রোডের ৯৮/এ নং বাড়ির দক্ষিণ দিকে ড্রেন উঁচুকরণসহ ড্রেনের উপর স্ল্যাব স্থাপন কাজ। | ৫৯,৮৫৭/- | সংশ্লিষ্ট ডিওএইচএস বিবিধ/উন্নয়ন তহবিল/বোর্ড তহবিল | |
| ৪। | সামরিক ভূ-সম্পত্তি প্রশাসন দপ্তর, কেন্দ্রীয় সার্কেল, ঢাকা সেনানিবাসের অফিসের টয়লেট সংস্কার ও মেরামত কাজ। | ১,০৪,৯৭২/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ | |
| ৫। | মহাখালী ডিওএইচএস এর ভিআইপি রোডের নিরাপত্তা বাতির পুরাতন তার পরিবর্তন করে নতুন এ্যালমুনিয়াম তার দ্বারা ওভারহেড লাইন স্থাপন এবং টোব্যাকো রোডের ঝুলে থাকা নিরাপত্তা বাতির তার খোলা ও ফিটিংকরণ। | ৩,১৪,৮৩৩/- | সংশ্লিষ্ট ডিওএইচএস উন্নয়ন/বিবিধ তহবিল | মহাখালী ডিওএইচএস পরিষদের ২০/৫/২০১৭ তারিখের ডিওএইচএস-মহা/১১৭/১৭ নং পত্র। |
| ৬। | সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্ট বোর্ড জেনাঃ হাসপাতালের ০২টি জেনারেটর মেরামত ও সার্ভিসিংকরণ। | ৬৭,১০০/- | হাসপাতালের নৈমিত্তিক খাত | সংশ্লিষ্ট হাসপাতালের ১৬/৫/২০১৭ তারিখের এসকেএমসিবিজি এইচ/৫৬ নং পত্র। |
| ৭। | রজনীগন্ধা সুপার মার্কেটের ৫০০ কেভিএ বিদ্যুৎ উপকেন্দ্র ওভারহোলিং এবং পিএফআই মেরামতকরণ। | ২,৩৫,৮৮০/- | বাজারের মেরামত ও রক্ষণাবেক্ষণ | সংশ্লিষ্ট বৈদ্যুতিক লাইনম্যান এর ২৮/৫/২০১৭ তারিখের আবেদনপত্র। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৮। | ঢাকা সেনানিবাসস্থ ওয়ার্কসপ বাসস্ট্যান্ড, পুরাতন এয়ার হেডকোয়ার্টার ও গ্যারিসন এলাকার তিনটি পাবলিক টয়লেট ব্যবহার উপযোগীকরণ কাজ। | ১,৫৮,৬৯৯/- | জনসাধারণের উন্নয়নমূলক খাত | |
| ৯। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৬/এ নং রোডের প্লট নং-৬৬/সি এর পশ্চিম পার্শ্বে ক্যান্টনমেন্ট বোর্ডের খালি জমিতে কর্মকর্তাদের জন্য (১×৪×৬)=২৪টি বাসস্থান নির্মাণ কাজ। | ১৩,৫৪,৮৯,৯৩৫/- | অনুদান | ১৬/৫/১৭ তারিখের কার্যবৃত্ত পত্রের মাধ্যমে অনুমোদিত। ঘটনোত্তর অনুমোদন। |
| ১০। | পিসিবি কর্তৃক অনুমোদিত শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট স্কুলের ০৬ তলা ভীতে নির্মিত ২য় তলার উপর ৩য় তলার পূর্ব পার্শ্ব (সিঁড়িঘরসহ তিনটি শ্রেণী কক্ষ ও গ্রুপ টয়লেট) নির্মাণ কাজ। | ৬৫,০০,০০০/- | অনুদান | ১৭/৫/১৭ তারিখের কার্যবৃত্ত পত্রের মাধ্যমে অনুমোদিত। ঘটনোত্তর অনুমোদন। |
| ১১। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৭ এবং ৮ নং রোডে দেয়ালসহ স্টীলের গেইট নির্মাণ কাজ। | ১,৫৪,২২৭/- | বোর্ড তহবিল | সদর দপ্তর লজিষ্টিকস্ এরিয়ার চাহিদার প্রেক্ষিতে |
| ১২। | গ্যারিসন বাসস্ট্যান্ডে ফুটপাত ভেঙ্গে রাস্তা প্রশস্তকরণ। | ৪,৫০,০০০/- | বোর্ড তহবিল | |
| ১৩। | ক্যান্ট বাজার এলাকার ৮ নং রোডের ৫২ নং প্লটের সম্মুখে ড্রেন পরিস্কারসহ উঁচুকরণ এবং আরসিসি স্লাব নির্মাণ ও শহীদ বদিউজ্জামান রোডের (এয়ার হাউজের পিছনে) ড্রেন পরিস্কার কাজ। | ২,৫০,০০০/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ | |
| ১৪। | সিগন্যাল গেইট হতে আইএসএসবিগামী রাস্তায় ০৪টি স্থানে ক্ষতিগ্রস্থ ভাঙ্গা/গর্ত, সেনা কেন্দ্রীয় মসজিদের পশ্চিম পার্শ্বে রাস্তার গর্ত মেরামত/ কার্পেটিং এবং স্বাধীনতা সরণির ২ নং বাংলোর সামনে ডিভাইডার কেটে রাস্তা কার্পেটিং কাজ। | ৩,০৪,৭৭৪/- | বোর্ড তহবিল | |
| ১৫। | শহীদ সরণিস্থ গ্যারিসন বাসস্ট্যান্ডের ইউটার্ন হতে উত্তর দিকে সেনাকুঞ্জের ইন-গেইটের ইউটার্ন পর্যন্ত কার্ভ স্টোন ডিভাইডার স্থাপন কাজ এবং পুরাতন সিমেন্টের ডিভাইডার ও জিআই পাইপের রেলিং শহীদ সরণির আজিজপল্লী আদমজী কলেজ এবং ইউসুফ লাইনের সামনের রোডে পুনঃস্থাপন। | ১৩,০৪,২৩১/- | বোর্ড তহবিল | |
| ১৬। | নবনির্মিত মিরপুর ৩ নং এমপি চেকপোষ্টে প্লাষ্টিক ডিভাইডার সরবরাহ ও জিয়া কলোনী স্টাফ রোডে স্টীলের ছাতা সরবরাহ কাজ। | ১,৫৫,১২২/- | বোর্ড তহবিল | আর্মি এমপি ইউনিটের ১৬/৪/১৭ তারিখের ০২টি পত্র। |
| ১৭। | শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট স্কুলের শহীদ মিনারের সম্মুখে স্তপকৃত মাটি/রাবিশ অপসারণ কাজ। | ৪৫,৫৯৭/- | সংশ্লিষ্ট বিদ্যালয় তহবিল | প্রধান শিক্ষকের মৌখিক চাহিদার প্রেক্ষিতে |
| ১৮। | ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড অফিসের ২য় তলা, রেভিনিউ, প্রশাসনিক, হিসাব শাখাসহ গ্যারেজের ভিতরে (উত্তর পার্শ্বে) ও পিছনে (বাগানে) রংকরণ কাজ। | ১,৭৪,৬৩৪/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ | |
| ১৯। | ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড অফিসের প্রকৌশল শাখা, গ্যারেজের ভিতরে দক্ষিণ পার্শ্বে এবং উদ্যানের বাউন্ডারী ওয়ালসহ গাছের গোড়ায় রংকরণ । | ১,৮৪,১৮৩/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ | |
| ২০। | বনানী ডিওএইচএস এলাকার ৩ নং রোডে পটহোল মেরামতসহ কার্পেটিং (প্লান্ট মেথডে) কাজ। | ১৫,৮০,৯৫৩/- | সংশ্লিষ্ট ডিওএইচএস উন্নয়ন/বিবিধ/ বোর্ড তহবিল | |

| | | | | |
|---|---|---|---|---|
| ২১। | রজনীগন্ধা সুপার মার্কেটের কসাইখানার উত্তর পার্শ্বে বড় একটি পাকা ডাষ্টবিন ও প্রবেশ পথের জন্য সলিং রাস্তা নির্মাণ কাজ। | ৪,৮৯,০০৮/- | বাজারের মেরামত ও রক্ষণাবেক্ষণ | |
| ২২। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৫ নং রোডের পূর্বাংশ উঁচুকরণসহ বিটুমিনাস কার্পেটিং কাজ। | ১৫,০৩,১১১/- | বোর্ড তহবিল | |
| ২৩। | সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ৩য় তলার কনফারেন্স রুম আধুনিকায়ন। | ৩২,৮২,২৯৩/- | অনুদান | |

আলোচনা : ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন এলাকায় বসবাসকারী নাগরিক এবং বিভিন্ন প্রতিষ্ঠানের জন্য অত্যাবশ্যকীয় সেবা নিশ্চিত করার লক্ষ্যে উপরোল্লিখিত প্রকল্পগুলো বাস্তবায়নের জন্য বিদ্যমান নিয়ম অনুসরণ করে মূল্যানুমান প্রস্তুত করা হয়েছে।

সিদ্ধান্ত : আলোচ্য বিষয়-১০ এর ২৩টি প্রকল্পের মূল্যানুমান অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। ক্রমিক নং- ৪, ৬, ৭, ১৩, ১৮ ও ১৯ এ বর্ণিত মোট ০৬ (ছয়) টি প্রকল্পের দরপত্র আহ্বান করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে। ক্রমিক নং-১, ২, ৩, ৫, ৮, ১১, ১২, ১৪, ১৫, ১৬, ১৭, ২০, ২১, ২২ ও ২৩ এ বর্ণিত মোট ১৫টি প্রকল্পের মূল্যানুমান অনুমোদনসহ ব্যয়ের অনুমোদনের জন্য এবং প্রযোজ্য ক্ষেত্রে অনুদান বরাদ্দের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করতে হবে।

আলোচ্য বিষয়-১১: ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের Responsive Tender অনুমোদন প্রসংগে ঃ-

| ক্রঃ নং | কাজের বিবরণ | অনুমোদিত মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস ২০১৬ মোতাবেক (টাকা) | Responsive Tenderer | উদ্ধৃত দর (টাকা) | ব্যয়ের খাত | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১। | শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট স্কুলের পুরাতন প্রবেশ গেইট গাথুনী দ্বারা বন্ধকরণ ও বাউন্ডারী ওয়ালের ভাঙ্গা অংশ মেরামত কাজ। | ৫৪,৯৮৭/- | মেসার্স তাহের এন্টারপ্রাইজ | ৫৪,৯৮৭/- | সংশ্লিষ্ট বিদ্যালয় তহবিল | |
| ২। | মিরপুর ডিওএইচএস এর শিশুপার্ক হতে ৪টি খেলনা নির্বর আবাসিক এলাকায় স্থানান্তরকরণ কাজ। | ৬৬,৬৭০/- | মেসার্স এ কে কনস্ট্রাকশন | ৬৬,৬৭০/- | বোর্ড তহবিল | |
| ৩। | শহীদ সরণির শহীদ জাহাঙ্গীর গেইট হতে সিগন্যাল গেইট হয়ে ঘাটি বঙ্গবন্ধু গেইট ও আইএসএসবি গেইট পর্যন্ত রাস্তায় বিদ্যমান পলি সাইনবোর্ড মেরামত, ধৌত ও রংকরণ ও ০৫টি পলি সাইনবোর্ড নির্মাণ কাজ। | ১,৮২,০০০/- | মেসার্স চাঁন মিয়া ইঞ্জিঃ ওয়ার্কসপ | ১,৮২,০০০/- | বোর্ড তহবিল | |
| ৪। | শহীদ সরণি ও স্বাধীনতা সরণির ভাঙ্গা টাইলস্ পুনঃ স্থাপন কাজ। | ১,৬৯,০০০/- | মেসার্স এস এস ট্রেডার্স | ১,৬৯,০০০/- | বোর্ড তহবিল | |
| ৫। | স্বাধীনতা সরণির ইউসুফ লাইন সংযোগ মোড়ে ফুটপাত বর্ধিতকরণসহ জেব্রা ক্রসিং মার্কিং কাজ। | ১,০৭,২১৩/- | মেসার্স জুই এন্টারপ্রাইজ | ১,০৭,২১৩/- | বোর্ড তহবিল | |
| ৬। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪ নং রোডের পরিত্যক্ত সম্পত্তির বাসা নং-৯১(নিচতলা) এর পুরাতন পানির লাইন পরিবর্তন করে জিআই পাইপ দ্বারা নতুন লাইন স্থাপন কাজ। | ৬৩,৭০৮/- | মেসার্স সিফাত এন্টারপ্রাইজ | ৬৩,৭০৮/- | পরিত্যক্ত সম্পত্তির খাত | |
| ৭। | রজনীগন্ধা এমপি চেকপোষ্ট গাড়ি পার্কিং হতে শহীদ আনোয়ার চৌরাস্তা পর্যন্ত সামরিক লেনের রোড ডিভাইডার অপসারণ এবং রিক্সা লেনের রোড ডিভাইডার মেরামত, পুনঃস্থাপন কাজ। | ২,৩২,৭০৯/- | মেসার্স তাহের এন্টারপ্রাইজ | ২,৩২,৭০৯/- | বোর্ড তহবিল | |
| ৮। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১ নং রোড সংলগ্ন লালাসরাই মৌজার ২৭৯ নং হোল্ডিং সংলগ্ন ক্যান্টনমেন্ট বোর্ডের খালি জায়াগার চারদিকে বাউন্ডারী ওয়াল নির্মাণ কাজ। | ৭,১৯,৬১২/- | মেসার্স নয়ন এন্টারপ্রাইজ | ৭,১৯,৬১২/০০ | বোর্ড তহবিল | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ৯। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৭ নং রোডের পরিত্যক্ত সম্পত্তির বাসা নং-৬০ এর বাহির পার্শ্ব ও ছাদের উপর মেরামত ও রংকরণ এবং ২য় তলায় রংকরণ কাজ। | ৩,১৮,৫৫০/- | মেসার্স সিফাত এন্টারপ্রাইজ | ৩,১৮,৫৫০/- | পরিত্যক্ত সম্পত্তির খাত | |
| ১০। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪ নং রোডের পরিত্যক্ত সম্পত্তির বাসা নং-১০৬ নিচতলা সংস্কার, মেরামত ও রংকরণ কাজ। | ৪,২৫,০০০/- | মেসার্স জুই এন্টারপ্রাইজ | ৪,২৫,০৩৮/- | পরিত্যক্ত সম্পত্তির খাত | |
| ১১। | কচুক্ষেত পুরান বাজার এলাকার (চ্যাপ্টার্ড এরিয়া) সিবি-২৭৭ এর প্রবেশ রাস্তা এবং ম্যানহোল উঁচুকরণ কাজ। | ৪,৫৪,৮৭৬/- | মেসার্স এস এস ট্রেডার্স | ৪,৫৪,৮৭৬/- | | |
| ১২। | মিরপুর ডিওএইচএস এলাকার ৩য় ধাপের ৪১ পুরাতন এভিনিউ-১১ (প্লট নং-১১২২ থেকে ১১২৪ পর্যন্ত) রোডের সাইবেইজ, মেকাডামসহ প্লান্ট মেথডে কার্পেটিংকরণ কাজ। | ২২,৬০,২০৪/- | মেসার্স জি এন এন্টারপ্রাইজ | ২২,৬০,২০৪/- | সংশ্লিষ্ট ডিওএইচএস উন্নয়ন/ বিবিধ/ বোর্ড তহবিল/ ডিপিপি | |
| ১৩। | মিরপুর ডিওএইচএস এলাকার ৩য় ধাপের ৪৩ পুরাতন এভিনিউ-১১ (প্লট নং-১১২৭ থেকে মসজিদ নং-৪ পর্যন্ত) রোডের সাইবেইজ, মেকাডামসহ প্লান্ট মেথডে কার্পেটিংকরণ কাজ। | ৩২,৪৬,১০৫/- | মেসার্স সফিক ট্রেডিং কর্পোরেশন | ৩২,৪৬,১০৫/- | সংশ্লিষ্ট ডিওএইচএস উন্নয়ন/ বিবিধ/ বোর্ড তহবিল/ ডিপিপি | |
| ১৪। | কান্টনমেন্ট বাজার এলাকার ২/এ নং রোডের মাঝে ক্যাডেট কলেজ ভবনের সম্মুখে রাস্তা প্রশস্তকরণসহ ড্রেন উঁচুকরণ কাজ। | ১,৯১,৮০০/- | মেসার্স এমএইচ এন্টারপ্রাইজ (মিরপুর-১৪) | ১,৯১,৮০০/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ (রাস্তাঘাট) | |
| ১৫। | ক্যান্টনমেন্ট পোষ্ট অফিসের জন্য জিই (আর্মি) সেন্ট্রাল হতে পিভিসি পাইপ দ্বারা পানির লাইন স্থাপন কাজ। | ৩০,৬৫৬/- | মেসার্স সিফাত এন্টারপ্রাইজ | ৩০,৬৫৬/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ | |
| ১৬। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ২ ও ৪ নং পানির পাম্পের ট্রান্সফরমারের তেল পরিবর্তন ও সার্ভিসিংকরণ কাজ। | ১,৬৫,০০০/- | মেসার্স এএন্ডডি ব্রাদার্স | ১,৬৫,০০০/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ (পানি) | |
| ১৭। | রজনীগন্ধা সুপার মার্কেটের সাব-স্টেশনের পুরাতন ৮০০ এম্পস্ সার্কিট ব্রেকার পরিবর্তন করে নতুন একটি ৮০০ এম্পস্ সার্কিট ব্রেকার স্থাপন কাজ। | ১,৩৮,৭৩৯/- | মেসার্স এমএইচ এন্টারপ্রাইজ | ১,৩৮,৭৩৯/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ | |

আলোচনা : আলোচ্য বিষয়-১১ এ বর্ণিত ছকে প্রকল্পগুলোর মূল্যানুমান বোর্ডসভা ও সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের অনুমোদনক্রমে বাস্তবায়নের জন্য দরপত্র আহ্বান করা হয়। গ্যারিসন ডিউটি অফিসার (জিডিও)'র উপস্থিতিতে টেন্ডার ওপেনিং কমিটির সামনে দরপত্র বাক্স খোলা হয় এবং টেন্ডার ইভ্যালুয়েশন কমিটি (টিইসি) কর্তৃক পর্যালোচনা করে সুনির্দিষ্ট মতামত প্রদান করা হয়েছে।

সিদ্ধান্ত : ১১.১। আলোচ্য বিষয়-১১ এর ১৭ (সতের)টি প্রকল্পের দর অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়।

১১.২। ক্রমিক নং-১, ১৪, ১৫, ১৬ ও ১৭ এ উল্লেখিত প্রকল্পের কার্যাদেশ প্রদান করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে।

১১.৩। ক্রমিক নং-৬, ৯ ও ১০ এ বর্ণিত প্রকল্প ৩টি পরিত্যক্ত সম্পত্তি ব্যবস্থাপনা বোর্ডের অনুমোদনক্রমে বাস্তবায়ন করতে হবে।

১১.৪। ক্রমিক নং-২, ৩, ৪, ৫, ৭, ৮, ১১, ১২ ও ১৩ এর প্রকল্পসমূহের দর অনুমোদন, ব্যয়ের অনুমোদন ও প্রযোজ্য ক্ষেত্রে অনুদান বরাদ্দের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করতে হবে এবং অনুমোদন সাপেক্ষে কার্যাদেশ প্রদান করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে।

আলোচ্য বিষয়-১২: বীরশ্রেষ্ঠ মোস্তফা কামাল লাইন এলাকায় এমফিথিয়েটার কাজের অবশিষ্ট বিল পরিশোধের বিষয়ে স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাসের ২৬ ফেব্রুয়ারি ২০১৭ তারিখের ২৩.০১.৯০১.৬৬১.০৭.১৫০. ০১. ২৬.০২.১৭ নং পত্র এবং সেনাসদর, কিউএমজি'র শাখা, এমএন্ডকিউ পরিদপ্তর, ঢাকা সেনানিবাসের ১৩ এপ্রিল ২০১৭ তারিখের ৩৯১৭/১/হিসাব/এমকিউ-২ নং পত্র প্রসংগে।

আলোচনা : এ বিষয়ে স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাসের ২৬ ফেব্রুয়ারি ২০১৭ তারিখের ২৩.০১.৯০১. ৬৬১.০৭.১৫০.০১.২৬.০২.১৭ নং পত্র এবং সেনাসদর, কিউএমজি'র শাখা, এমএন্ডকিউ পরিদপ্তর, ঢাকা সেনানিবাসের ১৩ এপ্রিল ২০১৭ তারিখের ৩৯১৭/১/হিসাব/এমকিউ-২ নং পত্রের উপর আলোচনা ও সিদ্ধান্তের জন্য উপস্থাপন করা হলো।

সিদ্ধান্ত : বিস্তারিত আলোচনান্তে বীরশ্রেষ্ঠ মোস্তফা কামাল লাইন এলাকায় এমফিথিয়েটার নির্মাণ কাজের ২৫,০০,০০০/- (পঁচিশ লক্ষ) টাকার মূল্যানুমান অনুমোদন করা হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করতে হবে।

আলোচ্য বিষয়-১৩: ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন বিভিন্ন এলাকার বিদ্যুৎ বিল আদায়ের জন্য ৪০০টি বহি ছাপানো ও সরবরাহকরণ (নমুনা মোতাবেক) কাজের জন্য মডার্ণ কম্পিউটার এন্ড প্রিন্টার্স কর্তৃক দাখিলকৃত ৯০,০০০/- (নব্বই হাজার) টাকার দর অনুমোদন প্রসংগে।

আলোচনা : ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন বিভিন্ন এলাকার বিদ্যুৎ বিল আদায়ের জন্য ৪০০টি বহি ছাপানো ও সরবরাহকরণ (নমুনা মোতাবেক) কাজের জন্য ২৭/৪/২০১৭ তারিখে দরপত্র আহবান করা হয়। ০৩টি প্রতিষ্ঠানের নিকট হতে দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে মডার্ণ কম্পিউটার এন্ড প্রিন্টার্স, চ-৭, মহাখালী স্কুল রোড, ওয়্যারলেস গেইট, বনানী, ঢাকা-১২১৩ কর্তৃক দাখিলকৃত ৯০,০০০/- (নব্বই হাজার) টাকার দরটি সর্বনিম্ন। উক্ত দরটি অনুমোদন করা যেতে পারে।

সিদ্ধান্ত : বিদ্যুৎ বিল আদায়ের জন্য ৪০০টি বহি ছাপানো ও সরবরাহের জন্য মডার্ণ কম্পিউটার এন্ড প্রিন্টার্স কর্তৃক দাখিলকৃত ৯০,০০০/- (নব্বই হাজার) টাকার দর অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্য বিষয়-১৪: ঢাকা সেনানিবাসস্থ স্বাধীনতা সরণির বনানী এমপি চেকপোষ্ট এলাকায় একটি অত্যাধুনিক গেইট ও চেকপোষ্ট নির্মাণ কাজের সময়সীমা ২০ জুলাই ২০১৭ পর্যন্ত বৃদ্ধির জন্য সংশ্লিষ্ট ঠিকাদার মেসার্স এস আলম এন্টারপ্রাইজ এর ০৭ মে ২০১৭ তারিখের আবেদন প্রসংগে।

আলোচনা : ১৪ মে ২০১৭ তারিখের মধ্যে ঢাকা সেনানিবাসস্থ স্বাধীনতা সরণির বনানী এমপি চেকপোষ্ট এলাকায় একটি অত্যাধুনিক গেইট ও চেকপোষ্ট নির্মাণ কাজের জন্য মেসার্স এস আলম এন্টারপ্রাইজকে কার্যাদেশ প্রদান করা হয়। গত ২০ এপ্রিল ২০১৭ তারিখে মাননীয় সেনাবাহিনী প্রধান উক্ত গেইটের টেরাকোটা ডিজাইজ সরজমিন পরিদর্শনপূর্বক অনুমোদন প্রদান করেন। উক্ত ডিজাইন মোতাবেক কাজটি বাস্তবায়ন করতে ০৩(তিন) মাস অর্থাৎ ২০ জুলাই ২০১৭ পর্যন্ত সময় প্রয়োজন মর্মে ঠিকাদার ০৭ মে ২০১৭ তারিখের আবেদনপত্রের মাধ্যমে জানান।

সিদ্ধান্ত : ঢাকা সেনানিবাসস্থ স্বাধীনতা সরণির বনানী এমপি চেকপোষ্ট এলাকায় একটি অত্যাধুনিক গেইট ও চেকপোষ্ট নির্মাণ কাজের সময়সীমা ২০ জুলাই ২০১৭ পর্যন্ত বৃদ্ধির সিদ্ধান্ত গৃহীত হলো। সংশ্লিষ্ট ঠিকাদারকে বিষয়টি অবহিত করতে হবে।

আলোচ্য বিষয়-১৫: বনানী এমপি চেকপোষ্ট হতে মহাখালী ডিওএইচএস সংযোগ রাস্তার পূর্ব পার্শ্বে বাউন্ডারী ওয়াল সংলগ্ন মাজারের পার্শ্বের ঝুপড়ি ঘর হতে উচ্ছেদকৃত মালামালের ১০,১০০/- (দশ হাজার একশত) টাকার এমআরপি এবং ১৩,৩৫০/- (তের হাজার তিনশত পঞ্চাশ) টাকার নিলাম দর অনুমোদন প্রসংগে।

আলোচনা : প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, বনানী এমপি চেকপোষ্ট হতে মহাখালী ডিওএইচএস সংযোগ রাস্তার পূর্ব পার্শ্বে বাউন্ডারী ওয়াল সংলগ্ন তথাকথিত একটি মাজার দেখা যায়। মাজার কর্তৃপক্ষ ক্যান্টনমেন্ট বোর্ডের সীমানা দেয়ালের প্রায় ১১ ফুট ভেঙ্গে ফেলে। এতে করে নিরাপত্তা বিঘ্নিত হয়। গত ২০ এপ্রিল ২০১৭ তারিখে ১৩ এমপি ইউনিটের সহায়তায় উক্ত মাজার ও তৎলংগ্ন ঝুপরি ঘর উচ্ছেদ করে কিছু মালামাল জব্দ করা হয়। উচ্ছেদকৃত মালামালের জন্য ১০,১০০/- (দশ হাজার একশত) টাকার এমআরপি প্রস্তুত করত: ১৮ মে ২০১৭ তারিখে নিলাম আহবান করা হয়। নির্ধারিত তারিখে জিডিও এবং ১৩ এমপি ইউনিটের প্রতিনিধির উপস্থিতিতে দরপত্র বাক্স খোলা হলে মোট ০৬টি দরপত্র পাওয়া যায়। প্রাপ্ত দরপত্রের মাধ্যমে মেসার্স সিকদার এন্টারপ্রাইজ, ৫/এইচ, রজনীগন্ধা সুপার মার্কেট, ঢাকা সেনানিবাস দাখিলকৃত ১৩,৩৫০/- (তের হাজার তিনশত পঞ্চাশ) টাকা দরটি সর্বোচ্চ।

সিদ্ধান্ত : বনানী এমপি চেকপোষ্ট হতে মহাখালী ডিওএইচএস সংযোগ রাস্তার পূর্ব পার্শ্বে বাউন্ডারী ওয়াল সংলগ্ন মাজারের পার্শ্বের ঝুপড়ি ঘর হতে উচ্ছেদকৃত মালামালের ১০,১০০/- (দশ হাজার একশত) টাকার এমআরপি এবং ১৩,৩৫০/- (তের হাজার তিনশত পঞ্চাশ) টাকার নিলাম দর অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্য বিষয়-১৬: ক্যান্টনমেন্ট বোর্ড জামে মসজিদ সংলগ্ন ঈদগাহ মাঠে পবিত্র ঈদ-উল-ফিতর এর ঈদের জামাত অনুষ্ঠানের জন্য ১৮০´×১৩০´ স্থানে প্যান্ডেল তৈরীর জন্য ত্রিপল, ম্যাট, চাদরের বিছানা, ২টি গেইট, ইমাম সাহেবের মিম্বার ইত্যাদি কাজের জন্য ৭,০০,০০০/- (সাত লক্ষ) টাকা ব্যয়ের অনুমোদন। উক্ত কাজের জন্য মসজিদ শাখার নৈমিত্তিক খাত হতে ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা এবং সাধারণ কঞ্জারভেন্সী শাখার নৈমিত্তিক খাত হতে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা সংকুলান করা যেতে পারে।

আলোচনা : ঈদগাহ মাঠে সম্মানিত মুসল্লিদের নির্বিঘ্নে ঈদের জামাতে নামায আদায়ের জন্য ১৮০´×১৩০´ স্থানে প্যান্ডেল তৈরীর নিমিত্ত ত্রিপল, ওয়াটার প্রুফ ম্যাট, চাদরের বিছানা, ২টি গেইট, ইমাম সাহেবের মিম্বার ইত্যাদি কাজের জন্য ৭,০০,০০০/- (সাত লক্ষ) টাকা ব্যয়ের অনুমোদন প্রয়োজন।

সিদ্ধান্ত : ঈদগাহ মাঠে সম্মানিত মুসল্লিদের নির্বিঘ্নে ঈদের জামাতে নামায আদায়ের জন্য ১৮০´×১৩০´ স্থানে প্যান্ডেল তৈরীর নিমিত্ত ত্রিপল, ওয়াটার প্রুফ ম্যাট, চাদরের বিছানা, ২টি গেইট, ইমাম সাহেবের মিম্বার ইত্যাদি কাজের জন্য ৭,০০,০০০/- (সাত লক্ষ) টাকা ব্যয়ের অনুমোদন প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। উক্ত কাজের জন্য ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা মসজিদের নৈমিত্তিক খাত হতে এবং ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা সাধারণ কঞ্জারভেন্সী শাখার নৈমিত্তিক খাত হতে সংকুলান করতে হবে।

আলোচ্য বিষয়-১৭: ঢাকা সেনানিবাসস্থ নক্ষত্র বিল্ডিং এর ময়লা আবর্জনা অপসারণ কাজের জন্য ০১(এক)টি নতুন ভ্যানগাড়ী সরবরাহের নিমিত্ত ২৮,০০০/- (আটাশ হাজার) টাকা ব্যয়ের অনুমোদন। উক্ত কাজের যাবতীয় ব্যয় সাধারণ কঞ্জারভেন্সী খাত হতে সংকুলান করা হবে।

আলোচনা : ঢাকা সেনানিবাসস্থ নক্ষত্র বিল্ডিং এর ময়লা আবর্জনা অপসারণ কাজের জন্য ভ্যান গাড়ী না থাকায় ময়লা ফেলার কাজে বিঘ্ন সৃষ্টি হচ্ছে। সে লক্ষ্যে ০১(এক)টি নতুন ভ্যানগাড়ী ক্রয় করা প্রয়োজন। একটি নতুন ভ্যানগাড়ি ক্রয় করতে ২৮,০০০/- (আটাশ হাজার) টাকা ব্যয়ের অনুমোদন প্রয়োজন। উক্ত কাজের যাবতীয় ব্যয় সাধারণ কঞ্জারভেন্সী খাত হতে সংকুলান করা হবে। আলোচনা ও সিদ্ধান্তের জন্য উপস্থাপন করা হলো।

সিদ্ধান্ত : ঢাকা সেনানিবাসস্থ নক্ষত্র বিল্ডিং এর ময়লা আবর্জনা অপসারণ কাজের জন্য ০১(এক)টি নতুন ভ্যানগাড়ী সরবরাহের নিমিত্ত ২৮,০০০/- (আটাশ হাজার) টাকা ব্যয়ের অনুমোদন প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। উক্ত কাজের যাবতীয় ব্যয় সাধারণ কঞ্জারভেন্সী খাত হতে সংকুলান করতে হবে।

আলোচ্য বিষয়-১৮: নক্ষত্র বিল্ডিং এর সীমানার ভিতরে ২১,০০০ বর্গফুট জায়গার ঘাস/আগাছা অপসারণ, মাটি ভরাটকরণ ও পুনরায় ঘাস রোপণের জন্য ৩,৫০,০০০/- (তিন লক্ষ পঞ্চাশ হাজার) টাকা ব্যয়ের অনুমোদন। উক্ত কাজের যাবতীয় আর্মি কঞ্জারভেন্সী খাত হতে সংকুলান করা হবে।

আলোচনা : নক্ষত্র বিল্ডিং এর সীমানার ভিতরে ২১,০০০ বর্গফুট জায়গার ঘাস/আগাছা অপসারণ, মাটি ভরাটকরণ ও পুনরায় ঘাস রোপণের জন্য মোট ২৫০ জন শ্রমিক (২৫০×৫০০/-) = ১,২৫০০০/- টাকা, ভিটি মাটি ৩০ গাড়ি (৩,৫০০/-×৩০)= ১,০৫,০০০/- টাকা, তিন মাস ঘাস নিরানি, পরিচর্যা, সংরক্ষণ বাবদ ১,০০,০০০/- টাকাসহ সর্বমোট ৩,৫০,০০০/- (তিন লক্ষ পঞ্চাশ হাজার) টাকা ব্যয় হবে। উক্ত কাজের যাবতীয় ব্যয় আর্মি কঞ্জারভেন্সী খাত হতে সংকুলান করা যেতে পারে।

সিদ্ধান্ত : নক্ষত্র বিল্ডিং এর সীমানার ভিতরে ২১,০০০ বর্গফুট জায়গার ঘাস/আগাছা অপসারণ, মাটি ভরাটকরণ ও পুনরায় ঘাস রোপণের জন্য ৩,৫০,০০০/- (তিন লক্ষ পঞ্চাশ হাজার) টাকা ব্যয়ের অনুমোদন প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। উক্ত কাজের যাবতীয় আর্মি কঞ্জারভেন্সী খাত হতে সংকুলান করতে হবে।

আলোচ্য বিষয়-১৯: ঢাকা সেনানিবাসস্থ বিভিন্ন ভিআইপি বাংলো, শিখা অনির্বাণ এবং ঈদগাহ মাঠের ঘাস কাটার জন্য ৪.৫ হর্সপাওয়ার ক্ষমতা সম্পন্ন ০১(এক)টি লনমোয়ার মেশিন সরবরাহের নিমিত্ত ৭৫,০০০/- টাকা ব্যয়ের অনুমোদন। উক্ত কাজের যাবতীয় ব্যয় সাধারণ কঞ্জারভেন্সী খাত হতে সংকুলান করা হবে।

আলোচনা : ঢাকা সেনানিবাসস্থ বিভিন্ন ভিআইপি বাংলো, শিখা অনির্বাণ এবং ঈদগাহ মাঠের ঘাস কাটার জন্য ৪.৫ হর্সপাওয়ার ক্ষমতা সম্পন্ন ০১(এক)টি লনমোয়ার মেশিন প্রয়োজন। উক্ত মেশিন ক্রয় করতে ৭৫,০০০/- (পঁচাত্তর হাজার) টাকা ব্যয় হবে। উক্ত কাজের যাবতীয় ব্যয় সাধারণ কঞ্জারভেন্সী খাত হতে সংকুলান করা হবে। আলোচনা ও সিদ্ধান্তের জন্য উপস্থাপন করা হলো।

সিদ্ধান্ত: ঢাকা সেনানিবাসস্থ বিভিন্ন ভিআইপি বাংলো, শিখা অনির্বাণ এবং ঈদগাহ মাঠের ঘাস কাটার জন্য ৪.৫ হর্সপাওয়ার ক্ষমতা সম্পন্ন ০১(এক)টি লনমোয়ার মেশিন সরবরাহের নিমিত্ত ৭৫,০০০/- টাকা ব্যয়ের অনুমোদন প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। উক্ত কাজের যাবতীয় ব্যয় সাধারণ কঞ্জারভেন্সী খাত হতে সংকুলান করতে হবে।

আলোচ্য বিষয়-২০: ঢাকা সেনানিবাসের প্রধান সড়কসহ বিভিন্ন ভিআইপি বাংলো, অফিসার্স আবাসিক এলাকা ও বিভিন্ন ইউনিট এলাকা পরিষ্কার পরিচ্ছন্নতা কাজে নিয়োজিত অত্র দপ্তরের আর্মি কঞ্জারভেন্সী, সাধারণ কঞ্জারভেন্সী এবং বিভিন্ন শূন্য পদের বিপরীতে মাস্টার রোলে নিয়োজিত অস্থায়ী কর্মচারীদের মাসিক বেতন বৃদ্ধির বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড ও বোর্ড পরিচালিত সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতাল, মসজিদ ও শিক্ষা প্রতিষ্ঠানে বিভিন্ন স্থায়ী পদের বিপরীতে এবং চুক্তি ভিত্তিক কঞ্জারভেন্সী পদে মোট ২১৯ জন ৪র্থ শ্রেণীর কর্মচারী সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে মাস্টার রোলে নিয়োজিত আছেন। বর্তমানে তাদের মাসিক সর্বসাকুল্যে ৭,০০০/- টাকা বেতন দেয়া হচ্ছে। বর্তমান বাজারমূল্যে এ বেতন দিয়ে একজন কর্মচারীর জীবন ধারন প্রায় অসম্ভব।

সিদ্ধান্ত: বিস্তারিত আলোচনান্তে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড ও বোর্ড পরিচালিত বিভিন্ন প্রতিষ্ঠানে নিয়োজিত ২১৯ জন ৪র্থ শ্রেণীর কর্মচারীর মাসিক বেতন জুলাই, ২০১৭ হতে মাসিক ১০,০০০/- (দশ হাজার) টাকা হারে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্য বিষয়-২১: ১৩ এমপি ইউনিটের ০৭ মে এবং ১১ মে, ২০১৭ তারিখের পত্রের মাধ্যমে চাহিদাকৃত প্লাস্টিকের ১০০টি রোড ডিভাইডার, ৫০টি সিমেন্ট দ্বারা ঢালাইকৃত প্লাস্টিকের রোড ডিভাইডার, ৪০০ বর্গফুট হানিকম্ব টেপ, ৪০ কেজি নাইলন রশি এবং ৫ সেট রোটারী লাইট সরবরাহের জন্য ৪,২৯,৫০০/- (চার লক্ষ ঊনত্রিশ হাজার পাঁচশত) টাকা ব্যয়ের অনুমোদন প্রসংগে। উক্ত কাজের যাবতীয় ব্যয় বোর্ড তহবিল হতে সংকুলান করা যেতে পারে।

আলোচনা : ১৩ এমপি ইউনিটের ০৭ মে এবং ১১ মে, ২০১৭ তারিখের পত্রের মাধ্যমে চাহিদাকৃত প্লাস্টিকের ১০০টি রোড ডিভাইডার, ৫০টি সিমেন্ট দ্বারা ঢালাইকৃত প্লাস্টিকের রোড ডিভাইডার, ৪০০ বর্গফুট হানিকম্ব টেপ, ৪০ কেজি নাইলন রশি এবং ৫ সেট রোটারী লাইট সরবরাহের জন্য ৪,২৯,৫০০/- (চার লক্ষ ঊনত্রিশ হাজার পাঁচশত) টাকা ব্যয়ের অনুমোদন প্রসংগে।

সিদ্ধান্ত : ১৩ এমপি ইউনিটের জন্য বিভিন্ন মালামাল সরবরাহের নিমিত্ত ৪,২৯,৫০০/- (চার লক্ষ ঊনত্রিশ হাজার পাঁচশত) টাকা ব্যয়ের অনুমোদন প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। উক্ত কাজের যাবতীয় ব্যয় বোর্ড তহবিল হতে সংকুলান করতে হবে। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করতে হবে।

আলোচ্য বিষয়-২২: রজনীগন্ধা সুপার মার্কেটের ২য় তলায় মার্কেট কমিটির অফিসের সম্মুখে খালি জায়গা বরাদ্দ প্রদানের নিমিত্ত মোসাম্মদ সামছুন নাহার সুইটি, স্বামী- মোঃ আব্দুল মজিদ (সুমন) এর ০৭ মে, ২০১৭ তারিখের আবদন এবং ৯৭/বি নং দোকানের পিছনের খালি জায়গা দোকান করার জন্য বরাদ্দের নিমিত্ত জনাব মোঃ মানিক শেখ, পিতা- মৃত শেখ আশেক এর ৩০ মার্চ, ২০১৭ তারিখের আবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা : (ক) মোসাম্মদ শামছুন নাহার সুইটি, স্বামী- মোঃ আব্দুল মজিদ (সমুন), ০৭ মে ২০১৭ তারিখের আবেদনে তার স্বামী- মোঃ আব্দুল মজিদ (সমুন) রজনীগন্ধা সুপার মার্কেটে প্রায় ২৫ বছর যাবত দোকান ভাড়া করে টেইলার্স ব্যবসা পরিচালনা করছেন। মার্কেটে ভাড়া দোকান পরিচালনা করার পরও কোন দোকান বরাদ্দ পায়নি এবং যে দোকানটি ভাড়া করে ব্যবসা করছেন সেটাও দোকান মালিক নিজে ব্যবসা করবেন মর্মে জানিয়েছেন। এ অবস্থার প্রেক্ষিতে তিনি রজনীগন্ধা সুপার মার্কেটের ২য় তলায় কমিটি অফিসের সম্মুখে দোকান ঘর নির্মাণের নিমিত্তে ৮ × ২৭ = ২১৬ বর্গফুট খালি জায়গা বরাদ্দ প্রদানের জন্য অনুরোধ করেছেন।

(খ) জনাব মোঃ মানিক শেখ, পিতা- মৃত শেখ আশেক ৩০ মার্চ ২০১৭ তারিখের আবেদনে জানান যে, রজনীগন্ধা সুপার মার্কেটের ২য় তলায় পাকা-৯৭/বি নং দোকানের পাশে কিছু অব্যবহৃত জায়গা দীর্ঘদিন যাবত পরিত্যক্ত অবস্থায় আছে। ফলে উক্ত স্থানে ভাসমান হকারসহ ফকির অবস্থান করায় বাজারের সৌন্দর্য নষ্ট করাসহ ক্যান্টনমেন্ট বোর্ড রাজস্ব হতে বঞ্চিত হচ্ছে। তিনি আরও জানান উক্ত স্থান হতে কিছু জায়গা তার নামে বরাদ্দ প্রদান করলে নিজ খরচে দোকান ঘর নির্মাণ করে বোর্ডের নিয়মানুযায়ী প্রতি মাসে ভাড়া প্রদান করতে বাধ্য থাকবে।

সিদ্ধান্ত : রজনীগন্ধা সুপার মার্কেটের ২য় তলায় মার্কেট কমিটির অফিসের সম্মুখে খালি জায়গা মোসাম্মদ সামছুন নাহার সুইটি, স্বামী- মোঃ আব্দুল মজিদ (সুমন)-কে এবং ৯৭/বি নং দোকানের পিছনের খালি জায়গা জনাব মোঃ মানিক শেখ, পিতা- মৃত শেখ আশেক-কে ০৫ (পাঁচ) বছরের জন্য নিজ খরচে দোকান করার জন্য ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা সালামী এবং প্রতি বর্গফুট ১২/- (বার) টাকা হারে মাসিক ভাড়ার ভিত্তিতে বরাদ্দ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্য বিষয়-২৩: সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের ওটি চার্জ পুনঃনির্ধারণের বিষয়ে সাভূসে অধিদপ্তরের ১৪ মে ২০১৭ তারিখের ২৩.২২০০.০১১.৩৩.০৪১.১৭-১৪ নং পত্রের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা : সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের ২২/২.১৭ তারিখের এসকে এমসিবিজিএইচ/২২ নং পত্রের মাধ্যমে রোগীর সংখ্যা বৃদ্ধির লক্ষে ডিএন্ডসি/এমআর ওটি চার্জ ১৯০০/- টাকা সিজার (Lucs) ওটি চার্জ ৩,৫০০/- টাকা এবং টনসিল ও সেপ্টোপ্লাস্টি ওটি চার্জ ২,৫০০/- টাকা পুন নির্ধারণের বিষয়ে আবেদন করেন যার সারসংক্ষেপ ঃ

| ক্র/নং | অপারেশনের নাম | সর্বশেষ অনুমোদিত অপরেশন চার্জ | প্রস্তাবিত চার্জ |
|---|---|---|---|
| ০১ | সিজার (Lucs) ওটি চার্জ | ৪,০০০/- | ৩,৫০০/- |
| ০২ | টনসিল ও সেপ্টোপ্লাস্টি ওটি চার্জ | ৩,০০০/- | ২,৫০০/- |
| ০৩ | ডিএন্ডসি/এমআর ওটি চার্জ | ৩,৫০০/- | ১,৯০০/- |
| ০৪ | Urethrocystoscopy | ২,০০০/- | ১৫০০/- |

উক্ত প্রস্তাবিত চার্জ অনুমোদনের বিষয়ে সাভূসে অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হলে বোর্ড সভার সিদ্ধান্তসহ প্রস্তাব পুনঃরায় সাভূসে অধিদপ্তরে প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করেন এবং ডিএন্ডসি/এমআর ওটি চার্জ অন্তত:২৫০০/- টাকা হওয়া উচিৎ মর্মে মত প্রকাশ করেন।

সিদ্ধান্ত : ডিএন্ডসি/এমআর ওটি চার্জ ২৫০০/- (দুই হাজার পাঁচশত) টাকা এবং অন্যান্য ওটি চার্জ প্রস্তাবিত হারে অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্য বিষয়-২৪: রজনীগন্ধা সুপার মার্কেটের পশ্চিম পার্শ্বে থাই গার্ডেন সংলগ্ন সিএস-৩১২ দাগে নির্মাণাধীন মার্কেটের দোকান ইজারার দর অনুমোদন প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা : রজনীগন্ধা সুপার মার্কেটের পশ্চিম পার্শ্বে থাই গার্ডেন সংলগ্ন কাফরুল মৌজার সিএস-৩১২ দাগে নির্মাণাধীন মার্কেটের দোকানসমূহ ইজারা প্রদানের জন্য দৈনিক প্রথম আলো, দৈনিক বাংলাদেশ প্রতিদিন এবং দি ডেইলি অবজারভার পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করে ৩০ মে ২০১৭ তারিখে দরপত্র আহবান করা হয়। নির্ধারিত তারিখে টেন্ডার ওপেনিং কমিটির মাধ্যমে দরপত্র বাক্স খোলা হলে ০৫(পাঁচ) টি দোকানের বিপরীতে মোট ১১(এগার) টি দরপত্র পাওয়া যায়। প্রাপ্ত দরপত্রের মধ্যে ০১(এক) টি দরপত্রে সরকারী দরের চেয়ে কম দর দাখিল করায় দরপত্র যাচাই-বাছাই কমিটি কর্তৃক বাতিল করা হয়েছে। দর মূল্যায়ন কমিটি কর্তৃক যাচাইয়ান্তে প্রাপ্ত সর্বোচ্চ দর ও দোকানের বিবরণ নিম্নে প্রদত্ত হলো ঃ

| ক্রঃ নং | দর দাতার নাম ও ঠিকানা | দোকান নং | দাখিলকৃত দরপত্র | আয়তন বর্গফুট | সরকারী দর (প্রতি বর্গফুট) | প্রাপ্ত সর্বোচ্চ দর | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | প্রতি বর্গফুট | মোট টাকা | |
| ১। | জনাব শফি উদ্দিন পিতা-মৃত মোঃ কামাল উদ্দিন | *নিচ তলা-১* | *০১ টি* | **৬৭৬.৭৩** | ১১৫০০/- | ২২৭৯০/- | ১৫৪২২৬৭৬.৭০ | ১ম |
| ২। | আলহাজ্ব মোঃ মোসলেম উদ্দিন ভূইয়া, পিতা- মৃত আব্দুল আজিজ ভূইয়া | *নিচ তলা-২* | *০৪ টি* | **৫৯০.৬২** | ১১৫০০/- | ২১১১১/- | ১২৪৬৮৫৭৮.৮২ | ১ম |
| ৩। | জনাব ওয়াহিদ ফেরদৌস পিতা-আখতার হোসাইন | *নিচ তলা-৩* | *০৩ টি* | **৬১৭.৯৪** | ১১৫০০/- | ২২১০০/- | ১৩৬৫৬৪৭৪ | ১ম |
| ৪। | আলহাজ্ব মোঃ মোসলেম উদ্দিন ভূইয়া, পিতা- মৃত আব্দুল আজিজ ভূইয়া | *২য় তলা-৬* | *০১ টি* | **২১২.২৯** | ১১০০০/- | ১৫১১১/- | ৩২০৭৯১৪.১৯ | ১ম |
| ৫। | জনাব মোঃ কামাল হোসেন, পিতা-মৃত মোঃ সুরুজ মিয়া ফকির | *২য় তলা-৭* | *০২ টি* | **২০৮.২৫** | ১১০০০/- | ১৩৪০০/- | ২৭৯০৫৫০ | ১ম |

সিদ্ধান্ত : রজনীগন্ধা সুপার মার্কেটের পশ্চিম পার্শ্বে থাই গার্ডেন সংলগ্ন সিএস-৩১২ দাগে নির্মাণাধীন মার্কেটের নিচতলার ৩টি ও দোতলার ২টি দোকানের বিপরীতে প্রাপ্ত দর অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য

২৫বিবিধ-১: মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্স এর ৫৩টি দোকানের ইজারা গ্রহীতা কর্তৃক শুধুমাত্র নিরাপত্তা জামানতের টাকা পরিশোধ করা হয়েছে, কিন্তু কোন কিস্তির অর্থ পরিশোধ করা হয়নি। এ বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা: প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সের ৫৩টি দোকানের ইজারা গ্রহীতা শুধুমাত্র নিরাপত্তা জামানতের অর্থ জমা করেছেন। কিন্তু দীর্ঘ দিন অতিবাহিত হলেও এবং বারবার তাগিদ দেয়া সত্বেও অদ্যাবধি কোন কিস্তির টাকা পরিশোধ করেননি। এর ফলে মার্কেট নির্মাণ কাজে অর্থায়নে বিঘ্ন সৃষ্টি হচ্ছে।

সিদ্ধান্ত : বিস্তারিত আলোচনান্তে ক্রোড়পত্র 'খ' হিসেবে সংযুক্ত মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্স এর ৫৩টি দোকানের ইজারা এতদ্বারা বাতিল করার সিদ্ধান্ত গৃহীত হলো এবং ইজারার শর্তানুযায়ী নিরাপত্তা জামানত হিসেবে জমাকৃত অর্থ ক্যান্টনমেন্ট বোর্ডের অনুকূলে বাজেয়াপ্ত করার সিদ্ধান্ত গৃহীত হলো।

২৫বিবিধ-২: সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের আইসিইউ চালু করণ বিষয়ে হাসপাতালের ২৯ মে ২০১৭ তারিখের এমসিবিজিএইচ/৬৪ নং পত্রের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা : সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের আইসিইউ চালুকরণের জন্য ইতিমধ্যে প্রয়োজনীয় লোকবল নিয়োগ দেয়া হয়েছে। হাসপাতালের আইসিইউ চালুকরণের জন্য উল্লেখিত পত্রের মাধ্যমে জরুরী ঔষধ, দ্রব্য সামগ্রী সরবরাহের জন্য ১,৮৫,১২৭/-(এক লক্ষ পঁচাশি হাজার একশত সাতাস) টাকা, আইসিইউ কক্ষ ডিসটেম্পারকরণ বাবদ ১০,০০০/- টাকা এবং ০৬(ছয়)টি স্ক্রীন সেপারেশন সিস্টেম সরবরাহ বাবদ ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা ব্যয়ের অনুমোদনের জন্য আবেদন করেছেন। একই সাথে উক্ত পত্রে আইসিইউ চার্জ পর্যালোচনা পূর্বক আইসিইউ এর নতুন চার্জ/নীতিমালা নির্ধারণের জন্য নতুন কমিটি গঠনের নিমিত্ত হাসপাতালের সদস্যদের নাম উল্লেখপূর্বক ক্যান্টনমেন্ট বোর্ডের একজন প্রতিনিধির নাম প্রেরণের জন্য অনুরোধ করেন।

সিদ্ধান্ত: উল্লেখিত পত্রের উপর বিস্তারিত আলোচনান্তে আইসিইউ এর জন্য জরুরী ঔষধ, দ্রব্য সামগ্রী সরবরাহের জন্য ১,৮৫,১২৭/-(এক লক্ষ পঁচাশি হাজার একশত সাতাস) টাকা, আইসিইউ কক্ষ ডিসটেম্পারকরণ বাবদ ১০,০০০/-(দশ হাজার) টাকা এবং ০৬(ছয়)টি স্ক্রীন সেপারেশন সিস্টেম সরবরাহকরণ বাবদ ৫০,০০০/-(পঞ্চাশ হাজার) টাকা ব্যয়ের অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। উক্ত ব্যয় হাসপাতালের নৈমিত্তিক খাত হতে নির্বাহ করতে হবে। একই সাথে নীতিমালা কমিটির জন্য ক্যান্টনমেন্ট বোর্ডের সহকারী সচিব জনাব মোঃ ওমর ফারুককে মনোনীত করা হলো।

২৫বিবিধ-৩: রজনীগন্ধা সুপার মার্কেটে নিয়মিত ফরমালিন পরীক্ষাকরণ প্রসংগে।

আলোচনা : বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, রজনীগন্ধা সুপার মার্কেটে মাছ, ফল, সব্জি ইত্যাদিতে ফরমালিন পরীক্ষা করার জন্য মাস্টার রোলে দুই জন কর্মচারী নিয়োগ করা হয়েছে। কিন্তু নিয়মিত তদারকির অভাবে তারা প্রায়শ:ই সঠিকভাবে দায়িত্ব পালন করছেন না মর্মে অভিযোগ পাওয়া যায়।

সিদ্ধান্ত : রজনীনন্ধা সুপার মার্কেটে নিয়োজিত দুই জন ফরমালিন পরিক্ষকারী দুই শিফটে ডিউটি করবেন এবং প্রতিদিন নিরাপত্তা প্রহরীর সহায়তা ভোর ০৫-০০ টা থেকে বিভিন্ন দ্রব্যাদির ফরমালিন পরীক্ষা করে ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার বরাবর প্রতিবেদন দাখিল করবেন।

২৫বিবিধ-৪: ঢাকা সেনানিবাসের বিভিন্ন রাস্তার পটহোল ও ফুটপাতের টাইলস্ নিয়মিত পর্যবেক্ষণ প্রসংগে।

আলোচনা: ঢাকা সেনানিবাসের বিভিন্ন রাস্তায় পটহোল সৃষ্টি হলে ব্যবহারকারীদের অভিযোগের প্রেক্ষিতে মেরামতের উদ্যোগ গ্রহণ করা হয়। কিন্তু বোর্ডের কাছে সঠিক তথ্য না থাকায় এ কাজে মাঝে মাঝে মারাত্মক বিঘ্ন সৃষ্টি হয়। এছাড়াও ফুটপাতের বিভিন্ন স্থানে টাইলস্ ভেঙ্গে গেলেও তথ্যের অভাবে তা মেরামতের উদ্যোগ নেয়া যায় না।

সিদ্ধান্ত : বিস্তারিত আলোচনান্তে ঢাকা সেনানিবাসের বিভিন্ন রাস্তার পটহোল ও ফুটপাতের টাইলস্ নিয়মিত পরিদর্শন করে ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার বরাবর প্রতিবেদন দাখিল করার জন্য নিম্নবর্ণিতভাবে একটি কমিটি গঠন করা হলো ঃ-

(১) জনাব আব্দুল্লাহ আল মামুন -- সভাপতি
সহকারী প্রকৌশলী, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

(২) জনাব মোঃ ইকরামুল কবির -- সদস্য
কার্যসহকারী, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

(২) জনাব মোঃ মনির হোসেন পাটোয়ারী -- সদস্য
কঞ্জারভেন্সী সুপারভাইজার, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

২৫বিবিধ-৫: রজনীগন্ধা সুপার মার্কেটের বিভিন্ন ব্লকের মোট ২৬৮ টি মেয়াদোত্তীর্ণ দোকান পুনঃবরাদ্দ প্রসংগে।

আলোচনা : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড পরিচালিত রজনীগন্ধা সুপার মার্কেটের বিভিন্ন ব্লকের ৩০ বছর, ১০ বছর, ০৫ বছর, ০৩ বছর মেয়াদী মোট ২৬৮ টি দোকানের মেয়াদ বিভিন্ন তারিখে উত্তীর্ণ হয়ে গিয়েছে। বর্তমানে রজনীগন্ধা সুপার মার্কেটটি ভেঙ্গে আধুনিক মার্কেট নির্মাণ করার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। ইতোপূর্বে ২৭ অক্টোবর ২০১৬ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যবিষয়-১২ এর মাধ্যমে ৫৭ টি দোকান এবং ২৮ ডিসেম্বর ২০১৬ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যবিষয়-৭ নং এর মাধ্যমে ২৬৬ টি দোকানসহ মোট (৫৭+২৬৬) = ৩২৩ টি মেয়াদোত্তীর্ণ মাসিক ভাড়ার সাথে বাৎসরিক ২৫,০০০/-টাকা সালামী মাসিক হারে আদায় পূর্বক নতুন মার্কেট নির্মাণ কাজ শুরু করার পূর্ব পর্যন্ত ব্যবসা পরিচালনার অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত সিদ্ধান্তের আলোকে রজনীগন্ধা সুপার মার্কেটের মেয়াদোত্তীর্ণ দোকানসমূহ হতে ভাড়া এবং সালামীর অর্থ মাসিক ভিত্তিতে আদায় করা হচ্ছে। বিষয়টি গত ২৬ এপ্রিল, ২০১৭ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যবিষয়-১১ এর মাধ্যমে উপস্থাপন করা হলে ৩১ ডিসেম্বর ২০১৭ তারিখ পর্যন্ত মেয়াদ বর্ধিত/পুনঃবরাদ্দ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো ঃ-

১. প্রতিটি দোকানের সালামী ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা।
২. দোকানের মাসিক ভাড়া প্রতি বর্গফুট ৫০/- (পঞ্চাশ) টাকা।

কিন্তু বোর্ডসভার কর্তৃক নির্ধারিত হারে সালামী ও দোকান ভাড়া পরিশোধ করতে দোকান মালিকগণ অপারগতা প্রকাশ করে ক্যান্টনমেন্ট বোর্ডে আবেদন করেছেন।

সিদ্ধান্ত : বিস্তারিত আলোচনান্তে এ বিষয়ে ২৬ এপ্রিল, ২০১৭ তারিখের অনুষ্ঠিত বোর্ড সভার আলোচ্যসূচী-১১ এর সিদ্ধান্ত বাতিল করা হলো এবং রজনীগন্ধা সুপার মার্কেটে মেয়াদোত্তীর্ণ দোকানের সালামী ও মাসিক ভাড়া প্রদানের ক্ষেত্রে পূর্বের সিদ্ধান্ত বহাল থাকবে।

আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।
সংযুক্ত ঃ পরিশিষ্ট-‘ক’ ও ‘খ’।

১/৬/১৭

*( এস. এম. আব্দুল কাদের )*
সেক্রেটারী, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার
ঢাকা ক্যান্টনমেন্ট।

01 Jun 17

*(ব্রিগেডিয়ার জেনারেল মোঃ জালাল গনি খান, এনডিসি, পিএসসি)*
প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
স্টেশন কমান্ডার, ঢাকা সেনানিবাস।

*পরিশিষ্ট-'ক'*

## সভায় উপস্থিত সদস্যবৃন্দ

| | | |
|---|---|---|
| (১) | ক্যাপ্টেন আরিফ আহমেদ মোস্তফা (জি), পিএসসি, বিএন<br>অধিনায়ক, বিএনএস হাজী মহসিন, ঢাকা সেনানিবাস।<br>ও<br>সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | উপস্থিত |
| (২) | গ্রুপ ক্যাপ্টেন মুহাম্মদ শরিফুল ইসলাম, এএফডব্লিউসি, পিএসসি, জিডি(পি)<br>বিমানবাহিনী ঘাঁটি বাশার, ঢাকা সেনানিবাস।<br>ও<br>সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | উপস্থিত |
| (৩) | কর্ণেল মোঃ মাহফুজ আলম, পিএসসি<br>সিএমইএস (আর্মি), ঢাকা সেনানিবাস।<br>ও<br>সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | উপস্থিত |
| (৪) | মেজর মইনুল ইসলাম<br>প্রতিনিধি, কমান্ড্যান্ট, সম্মিলিত সামরিক হাসপাতাল, ঢাকা সেনানিবাস।<br>ও<br>সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | উপস্থিত |
| (৫) | কর্ণেল (অবঃ) মোঃ শহীদুল হক<br>বাসা#৪৪৯/২, রোড#৮ (পশ্চিম), ডিওএইচএস বারিধারা, ঢাকা সেনানিবাস।<br>ও<br>সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | উপস্থিত |
| (৬) | জনাব হেলাল উদ্দিন আহমেদ<br>বাড়ী#১৯, রোড#৩, ক্যান্টনমেন্ট আবাসিক এলাকা, ঢাকা সেনানিবাস।<br>ও<br>সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | উপস্থিত |
| (৭) | মোঃ শরীফুল আলম তানভীর<br>এনডিসি ও নির্বাহী ম্যাজিস্ট্রেট, জেলা প্রশাসক, ঢাকা এর প্রতিনিধি।<br>ও<br>সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | অনুপস্থিত |

ক্রোড়পত্র-'খ'

# মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সের দোকান/স্পেসসমূহের কোন কিস্তি পরিশোধ করেননি তার বিবরণ

| ক্রঃ নং | দর দাতার নাম ও ঠিকানা | তলা | দোকান নম্বর | ইজারা মূল্য | পরিশোধিত টাকার পরিমান | অবশিষ্ট টাকার পরিমান |
|---|---|---|---|---|---|---|
| ১. | লেঃ কর্ণেল সাইফুল আলম সালেহ | ১ম তলা | ৩ | ৩৬,৫৩,৭১৫ | ৫০,০০০ | ৩৬,০৩,৭১৫ |
| ২. | কমাঃ মোঃ মোস্তফা শহীদ(অবঃ) | ১ম তলা | ৬ | ৭৪,২৪,৯৫২ | ৫০,০০০ | ৭৩,৭৪,৯৫২ |
| ৩. | মেজর মনিরুজ্জামান (অবঃ) | ১ম তলা | ১১ | ২৯,৫৫,৬২৯ | ৫০,০০০ | ২৯,০৫,৬২৯ |
| ৪. | জোহুরা বেগম | ১ম তলা | ২৩ | ২৮,১৭,৩২১ | ১০০০০০ | ২৭,১৭,৩২১ |
| ৫. | জনাব মোঃ নজরুল ইসলাম শাহীন | ১ম তলা | ২৪ | ৩১,০৪,৪৪৮ | ১০০০০০ | ৩০,০৪,৪৪৮ |
| ৬. | জনাব মোঃ জিয়াউল হাসান | ১ম তলা | ৩১ | ২৭,৬৭,৪৩০ | ৫০০০০ | ২৭,১৭,৪৩০ |
| ৭. | জনাব মোঃ আমিনুল ইসলাম | ১ম তলা | ৩৩ | ২১,৫০,৭৯০ | ৫০০০০ | ২১,০০,৭৯০ |
| ৮. | কমাঃ এমআই মজুমদার বিএন | ১ম তলা | ৩৯ | ২৮,৭২,১৩৫ | ৫০০০০ | ২৮,২২,১৩৫ |
| ৯. | এ টি এম মাসুদুর রহমান | ২য় তলা | ১০ | ১৮,৬৫,৯৬৫ | ১০০০০০ | ১৭,৬৫,৯৬৫ |
| ১০. | মিসেস লুৎফুননাহার চৌধুরী | ২য় তলা | ১৭ | ২৫,০৭,০৩৫ | ১০০০০০ | ২৪,০৭,০৩৫ |
| ১১. | বেগম শামীমা আক্তার | ২য় তলা | ২৫ | ৩৩,৭৫,৬৮৭ | ১০০০০০ | ৩২,৭৫,৬৮৭ |
| ১২. | শাকিলা ফেরদৌস | ২য় তলা | ২৫/এ | ১৪,১৪,৫৮৪ | ১০০০০০ | ১৩,১৪,৫৮৪ |
| ১৩. | জনাব মোঃ জাহিদুল ইসলাম | ২য় তলা | ২৯ | ২১,২৯,০৪৩ | ৫০০০০ | ২০,৭৯,০৪৩ |
| ১৪. | লতিফা খান | ২য় তলা | ৩১ | ১,৬২,৪৯,৬৮০ | ৫০০০০ | ১,৬১,৯৯,৬৮০ |
| ১৫. | জনাব মোঃ শাহজালাল | ৩য় তলা (সেকেন্ড ফ্লোর) | কমার্শিয়াল স্পেস | ২,৭১,৮৬,৯৪৭ | ১০০০০০ | ২,৭১,৮৬,৯৪৭ |
| ১৬. | সামিনা আজাদ | ৩য় তলা | ১ | ৫৩,৮৬,৪৩৫ | ১০০০০০ | ৫২,৮৬,৪৩৫ |
| ১৭. | ব্রিগেঃ জেনাঃ মোঃ সাইদুর রহমান (অবঃ) | ৩য় তলা | ৩ | ২৩,২৫,৭৮০ | ৫০০০০ | ২২,৭৫,৭৮০ |
| ১৮. | মোহাব্বতুন নাহার | ৩য় তলা | ১১ | ২৭,৬২,৮১৮ | ৫০০০০ | ২৭,১২,৮১৮ |
| ১৯. | জনাব আব্দুর রাজ্জাক | ৩য় তলা | ১৫ | ২৫,৭০,১২৯ | ৫০০০০ | ২৫,২০,১২৯ |
| ২০. | মিসেস ফারিয়া ইশরাত চৌধুরী | ৩য় তলা | ১৬ | ২৫,৭০,১২৯ | ৫০০০০ | ২৫,২০,১২৯ |
| ২১. | শামীমা চৌধুরী | ৩য় তলা | ১৮ | ২৫,৮২,৮৫০ | ৫০০০০ | ২৫,৩২,৮৫০ |
| ২২. | মেজর মোঃ জিয়াউল হাসান সরোয়ার | ৩য় তলা | ২৮ | ২৯,২৮,১৮০ | ৫০০০০ | ২৯,৭৮,১৮০ |
| ২৩. | ফারজানা গালিব এ্যানি | ৩য় তলা | ৩২ | ২,৩৯,৬৮,২৭৮ | ৫০০০০ | ২,৩৯,১৮,২৭৮ |
| ২৪. | লেঃ কর্ণেল মাকসুদুল হক (অবঃ) | ৪র্থ তলা (থার্ড ফ্লোর) | কমার্শিয়াল স্পেস | ২,৬১,৯৫,৮৪৮ | ৫০০০০ | ২,৬১,৪৫,৮৪৮ |
| ২৫. | সৈয়দ জাবেদ জাকারিয়া | ৪র্থ তলা | ৩ | ২৫,৮৪,২০০ | ১০০০০০ | ২৪,৮৪,২০০ |
| ২৬. | মোঃ সরোয়ার হোসেন | ৪র্থ তলা | ১০ | ২১,৮১,১১৯ | ৫০০০০ | ২১,৩১,১১৯ |
| ২৭. | মোঃ তানিসুল তানভির | ৪র্থ তলা | ১২ | ২০,০২,৩১৬ | ৫০০০০ | ১৯,৫২,৩১৫ |
| ২৮. | মোঃ জহিরুল ইসলাম | ৪র্থ তলা | ১৪ | ১৯,২২,০৪৩ | ৫০০০০ | ১৮,৭২,০৪৩ |
| ২৯. | লেঃ কর্ণেল আব্দুল হান্নান (অবঃ) | ৪র্থ তলা | ১৫ | ১৮,৬৩,২৫০ | ৫০০০০ | ১,৮১,৩২৫০ |
| ৩০. | মিসেস মেজর মুবিন (অবঃ) | ৪র্থ তলা | ২৮ | ৩৩,৪০,৩৪৪ | ৫০০০০ | ৩২,৯০,৩৪৪ |
| ৩১. | বেগম নাবিলা চৌধুরী | ৪র্থ তলা | ৩১ | ১৩,৪৬,২২৬ | ১০০০০০ | ১২,৪৬,২২৬ |
| ৩২. | মেজর মোঃ মুবীনুর রহমান | ৪র্থ তলা | ৩২ | ১,৬৭,০১,০৬০ | ৫০০০০ | ১,৬৬,৫১,০৬০ |
| ৩৩. | ব্রিগেঃ জেনাঃ সহিদ মোস্তফা কামাল | ৫ম তলা | ১ | ৩৫,৫৩,৪৪৩ | ১০০০০০ | ৩৪,৫৩,৪৪৩ |

| ক্রঃ নং | দর দাতার নাম ও ঠিকানা | তলা | দোকান নম্বর | ইজারা মূল্য | পরিশোধিত টাকার পরিমান | অবশিষ্ট টাকার পরিমান |
|---|---|---|---|---|---|---|
| ৩৪. | জনাব মশিউর রহমান | ৫ম তলা | ৩ | ১৮,১৫,৪০০ | ১০০০০০ | ১৭,১৫,৪০০ |
| ৩৫. | লেঃ কর্ণেল তারেকুর আলম খান | ৫ম তলা | ৬ | ২০,৪১,৫৫২ | ৫০০০০ | ১৯,৯১,৫৫২ |
| ৩৬. | জেমস হারনী | ৫ম তলা | ১৩ | ৩০,১৮,৯০০ | ৫০০০০ | ২৯,৬৮,৯০০ |
| ৩৭. | মোঃ আলমগীর আলম | ৫ম তলা | ২৪ | ২১,২০,২৫০ | ৫০০০০ | ২০,৭০,২৫০ |
| ৩৮. | মিসেস আহসান হাবিব লেলিন | ৫ম তলা | ৩২ | ১,৩৯,৯২,৭৮০ | ৫০০০০ | ১,৩৯,৪২,৭৮০ |
| ৩৯. | মাহমুদ এন্টারপ্রাইজ | ৬ষ্ঠ তলা | ১৮ | ১৫,৪৯,৭১০ | ১০০০০০ | ১৪,৪৯,৭১০ |
| ৪০. | কর্ণেল মোঃ কুদরত ই এলাহী | ৬ষ্ঠ তলা | ১৯ | ১৩,৩৩,৪২০ | ১০০০০০ | ১২,৩৩,৪২০ |
| ৪১. | এইচ কিউ এম লজিস্টিক ইন্টারন্যশনাল লিঃ | ৬ষ্ঠ তলা | ২৯ | ১২,৫১,১৫১ | ১০০০০০ | ১১,৫১,১৫১ |
| ৪২. | এইচ কিউ এম লজিস্টিক ইন্টারন্যশনাল লিঃ | ৬ষ্ঠ তলা | ৩০ | ১১,৮১,৯৮৪ | ১০০০০০ | ১০,৮১,৯৮৪ |
| ৪৩. | লেঃ কর্ণেল (অবঃ) মোঃ আব্দুল হামিদ সরদার | ৭ম তলা | ৩২ | ১,০৮,২৯,৬৪০ | ১০০০০০ | ১,০৭,২৯,৬৪০ |
| ৪৪. | বেগম বুশরা নুর | ৮ম তলা | ৫ | ২৮,২১,১৪২ | ১০০০০০ | ২৭,২১,১৪২ |
| ৪৫. | মিসেস মাহমুদা হারুন | ৮ম তলা | ৬ | ২১,৫৪,৯০০ | ১০০০০০ | ২০,৫৪,৯০০ |
| ৪৬. | শারমিন বিনতে সিদ্দিক | ৮ম তলা | ১০ | ১৪,৪৭,০৩০ | ১০০০০০ | ১৩,৪৭,০৩০ |
| ৪৭. | মাহবুবা সুলতানা | ৮ম তলা | ১৯ | ২০,০৬,৩২৫ | ১০০০০০ | ১৯,০৬,৩২৫ |
| ৪৮. | এইচ কিউ এম লজিস্টিক ইন্টারন্যশনাল লিঃ | ৯ম তলা | ২ | ২১,৬৬,৭০৯ | ১০০০০০ | ২০,৬৬,৭০৯ |
| ৪৯. | এয়ার কমোঃ এ কে এম হারুন চৌধুরী (অবঃ) | ৯ম তলা | ৬ | ২০,৮৪,৬০০ | ১০০০০০ | ১,৯৮,৪৬০০ |
| ৫০. | এয়ার কমোঃ এ কে এম হারুন চৌধুরী (অবঃ) | ৯ম তলা | ৭ | ২১,৫৯,০৫০ | ১০০০০০ | ২০,৫৯,০৫০ |
| ৫১. | জনাব ইয়াসিন রহমান | ৯ম তলা | ১৪ | ৩৬,১৫,০০০ | ১০০০০০ | ৩৫,১৫,০০০ |
| ৫২. | এইচ কিউ এম লজিস্টিক ইন্টারন্যশনাল লিঃ | ৯ম তলা | ১৫ | ৩৪,৪৩,৯৭১ | ১০০০০০ | ৩৩,৪৩,৯৭১ |
| ৫৩. | এইচ কিউ এম লজিস্টিক ইন্টারন্যশনাল লিঃ | ৯ম তলা | ১৬ | ৩২,৪৯,২৭১ | ১০০০০০ | ৩১,৪৯,২৭১ |
| | | | মোট = | **২৫,৩৫,৪২,৫৯৬** | **৪০,০০,০০০** | **২৪,৯৭,৪২,৫৯৫** |